Sanskrit Sahitya-Parishad Series—No. 5.

DURGĀPŪJĀ-TATTVA.

OF

RAGHUNANDANA BHAṬṬĀCHĀRYA.

EDITED BY

SATISH CHANDRA SIDDHANTABHUSHANA.

PUBLISHED BY

JANAKINATH SAHITYA-SHASTRI

Sanskrit Sahitya-Parishad,

Shambazar, Calcutta.

ভূমিকা।

—o—

শারদীয় মহাপূজা বা দুর্গোৎসব বাঙ্গালীর প্রধান উৎসব। বাঙ্গালী দেবীভক্তগণ ইহাকে কলির অশ্বমেধ বলিয়া মনে করেন। দেবীপুরাণেও শারদীয়-পূজা-প্রকরণে উক্ত হইয়াছে—

"অশ্বমেধমবাপ্নোতি ভক্তিনা সুরসত্তম।
মহানবম্যাং পূজেয়ং সর্ব্বকামপ্রদায়িকা ॥" (২২।২৩)

ভক্তিপূর্ব্বক পূজা করিলে অশ্বমেধতুল্য ফললাভ হয়। এই অশ্বমেধতুল্য দুর্গোৎসব বাঙ্গালা, মিথিলা (বিহার), ও কামরূপে (আসামে) বহু প্রাচীনকাল হইতে অনুষ্ঠিত হইয়া আসিতেছে *। এইজন্য ইহার বিধি-ব্যবস্থা প্রণয়নের প্রয়োজন অনুভব হওয়ায় বহু প্রাচীনকাল হইতেই এই তিন দেশে নিবন্ধকারগণ দুর্গোৎসব-বিষয়ে নিবন্ধ রচনা করিয়া গিয়াছেন। বাঙ্গালাদেশে রঘুনন্দনকৃত তিথিতত্ত্বের অন্তর্গত দুর্গোৎসবতত্ত্ব এবং দুর্গাপূজাতত্ত্ব, মিথিলায় বিদ্যাপতিকৃত দুর্গাভক্তিতরঙ্গিণী, এবং বাচস্পতিমিশ্রকৃত কৃত্যচিন্তামণির অন্তর্গত দুর্গোৎসব-প্রকরণ, কামরূপে কামরূপীয়নিবন্ধের অন্তর্গত দুর্গোৎসবপ্রকরণ, এই সকল নিবন্ধে দুর্গোৎসবের ব্যবস্থা প্রণীত হইয়াছে। এতদ্ব্যতীত বালক, শূলপাণি, শ্রীকরদত্ত, শ্রীনাথভট্ট, এই চারিজন নিবন্ধকারও এই বিষয়ে নিবন্ধ লিখিয়া গিয়াছেন, ইঁহারা কোন্ দেশে কোন্ সময়ে আবির্ভূত হইয়াছিলেন, তাহা এই পর্য্যন্ত নির্ণীত হয় নাই। ইঁহাদের মধ্যে বালক অতিশয় প্রাচীন, শূলপাণি স্বকৃত নিবন্ধে বালকের উল্লেখ করিয়াছেন। বালককৃত নিবন্ধের নাম জানা যায় নাই, বোধ হয় তাহার অস্তিত্ব লোপ পাইয়াছে। শূলপাণি ও শ্রীকরদত্ত রঘুনন্দনের

---

* বাঙ্গালা বিহার এবং আসামের বাহিরেও ভারতের সর্ব্বত্রই আশ্বিনের শুক্লা প্রতিপদ্ হইতে নবমী পর্য্যন্ত দুর্গাপূজা অবশ্যকর্ত্তব্যরূপেই প্রচলিত আছে। পশ্চিমদেশে ইহাকে নবরাত্রব্রত বলে। তাহাতে দুর্গার পূজা হইলেও বাঙ্গালা বিহার ও আসামে প্রচলিত পদ্ধতির সহিত তাহার অনেক প্রভেদ আছে। মৃন্ময়ী-মূর্ত্তিতে পূজা এই তিন দেশের বাহিরে, আর কোথাও হয় না।

পূর্ব্ববর্ত্তী, তিনি ইহাদের নাম উল্লেখ করিয়াছেন *। শূলপাণির দুর্গোৎসববিবেক, দুর্গোৎসবপ্রয়োগবিবেক, এবং বাসন্তীবিবেক, দুর্গাপূজা সম্বন্ধে এই তিনখানা নিবন্ধ ছিল, তন্মধ্যে দুর্গোৎসবপ্রয়োগবিবেক এই পর্য্যন্ত আমরা দেখিতে পাই নাই, অন্য দুইখানা পুস্তক সংস্কৃতসাহিত্যপরিষদের পুস্তকালয়ে সংগৃহীত হইয়াছে, এবং পরিষদ্ তাহার মুদ্রণেরও ব্যবস্থা করিতেছেন। শ্রীনাথভট্ট শ্রীকরদত্তের পুত্র, এই দুই জনের নিবন্ধ দুর্লভ হইলেও অলভ্য হয় নাই।

বিদ্যাপতি, বাচস্পতিমিশ্র, † এবং কামরূপীয়নিবন্ধকার এই তিন জনও রঘুনন্দনের পূর্ব্ববর্ত্তী, রঘুনন্দন স্বকৃত নিবন্ধে ইঁহাদের নাম ও নিবন্ধের উল্লেখ করিয়াছেন। বিদ্যাপতি বাচস্পতিমিশ্রেরও পূর্ব্ববর্ত্তী, কারণ বাচস্পতিমিশ্র কৃত্যচিন্তামণির দুর্গোৎসব প্রকরণে বিদ্যাপতিকৃত দুর্গাভক্তিতরঙ্গিণীর উল্লেখ করিয়াছেন ‡। তাহা হইতেই দেখা যায়, দুর্গোৎসববিষয়ে নিবন্ধকারগণের মধ্যে রঘুনন্দনই সর্ব্বাপেক্ষা পরবর্ত্তী। রঘুনন্দন ন্যূনাধিক চারিশত বৎসর পূর্ব্বে চৈতন্যদেবের সমসময়ে বাঙ্গালার বিদ্যাপীঠ নবদ্বীপে আবির্ভূত হইয়াছিলেন। §

উক্ত নিবন্ধকারগণের পূর্ব্বে, সমসময়ে, অথবা পরে দুর্গোৎসববিষয়ে আরও কোন নিবন্ধ রচিত হইয়াছিল কি না, রচিত হইয়া থাকিলে তাহা জীর্ণ কীটদষ্ট অবস্থায় লোকলোচনের বাহিরে কোনরূপে আত্মরক্ষা করিতেছে কি না, তাহা এই পর্য্যন্ত জানা যায় নাই।

রঘুনন্দন মলমাসতত্ত্বের প্রথমে ২৮ খানা তত্ত্ব লিখিবেন বলিয়া প্রতিজ্ঞা করিয়াছেন। সেই ২৮ খানা তত্ত্বের নাম এই—(১) মলমাসতত্ত্ব, (২) দায়তত্ত্ব, (৩) সংস্কারতত্ত্ব, (৪) শুদ্ধিতত্ত্ব, (৫) প্রায়শ্চিত্ততত্ত্ব, (৬) উদ্বাহতত্ত্ব, (৭) তিথিতত্ত্ব, (৮) জন্মাষ্টমীতত্ত্ব, (৯) দুর্গোৎসবতত্ত্ব, (১০) ব্যবহারতত্ত্ব, (১১) একাদশীতত্ত্ব, (১২) জলাশয়োৎসর্গতত্ত্ব, (১৩) বৃষোৎসর্গতত্ত্ব, (১৪) ঋগ্বেদিবৃষোৎসর্গতত্ত্ব, (১৫)

* দুর্গাপূজাতত্ত্বে ইঁহাদের নাম উল্লিখিত না হইলেও রঘুনন্দন অন্য গ্রন্থে ইঁহাদের নামের উল্লেখ করিয়াছেন।

† এই স্মৃতি নিবন্ধকার বাচস্পতিমিশ্র ষড়্দর্শনটীকাকার বাচস্পতিমিশ্র হইতে ভিন্ন।

‡ [illegible] রচনাবলীর [illegible] দ্রষ্টব্য।

§ [illegible] শ্রীযুক্ত [illegible] বিদ্যাভূষণ মহাশয়ের নিকট শুনিলাম— চৈতন্যদেব ১৪০৭ শকে এবং রঘুনন্দন ১৪০০ শকে জন্মগ্রহণ করিয়াছিলেন।

যজুর্ব্বেদিবৃষোৎসর্গতত্ত্ব, (১৬) সামবেদিবৃষোৎসর্গতত্ত্ব, (১৭) ব্রততত্ত্ব, (১৮) প্রতিষ্ঠা-তত্ত্ব, (১৯) পরীক্ষাতত্ত্ব, (২০) জ্যোতিস্তত্ত্ব, (২১) বাস্তুযাগতত্ত্ব, (২২) দীক্ষাতত্ত্ব, (২৩) আহ্নিকতত্ত্ব, (২৪) কৃত্যতত্ত্ব, (২৫) শ্রীপুরুষোত্তমতত্ত্ব, (২৬) সামশ্রাদ্ধতত্ত্ব, (২৭) যজুঃশ্রাদ্ধতত্ত্ব, (২৮) শূদ্রকৃত্যবিচারণতত্ত্ব।

এই অষ্টাবিংশতিতত্ত্বের মধ্যে তিথিতত্ত্বের অন্তর্গত জন্মাষ্টমীতত্ত্ব ও দুর্গোৎসব-তত্ত্বের পৃথক্ উল্লেখ করা হইয়াছে। এই দুই গ্রন্থ পৃথক্ বলিয়াই জন্মাষ্টমীতত্ত্বের পূর্ব্বে—

"প্রণম্য জগতামীশং বসুদেবসুতং হরিম্।
তজ্জন্মতিথিতত্ত্বানি বক্তি শ্রীরঘুনন্দনঃ।"

এই নমস্কার শ্লোক এবং শেষে "ইতি বন্দ্যঘটীয়শ্রীরঘুনন্দনভট্টাচার্য্যবিরচিতং শ্রীকৃষ্ণজন্মাষ্টমীব্রততত্ত্বং সমাপ্তম্" এইরূপ উল্লেখ করা হইয়াছে। এইরূপ দুর্গোৎসবতত্ত্বের পূর্ব্বেও—

"স্মৃতিতত্ত্বে মহাদেবীং সৃষ্টিস্থিত্যন্তকারিণীম্।
নত্বা বদতি তৎপূজাকালং শ্রীরঘুনন্দনঃ॥"

এই নমস্কার শ্লোক এবং শেষে "ইতি বন্দ্যঘটীয়হরিহরভট্টাচার্য্যাত্মজ-শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিতং দুর্গোৎসবতত্ত্বং সমাপ্তম্।" এইরূপ উল্লেখ আছে। তিথিতত্ত্বের আর কোন প্রকরণে এইরূপ নমস্কার শ্লোক এবং সমাপ্তিসূচক বাক্য পৃথক্ নাই। ইহাতেই ইহাদের পৃথক্ত্ব সূচিত হইতেছে। এই অষ্টাবিংশতিতত্ত্ব ভিন্ন রঘুনন্দন-প্রণীত দুর্গাপূজাতত্ত্ব, যাত্রাতত্ত্ব, তীর্থতত্ত্ব, গ্রহযাগতত্ত্ব, এই চারিখানি গ্রন্থও দেখিতে পাওয়া যায়। এই চারিখানি গ্রন্থ রঘুনন্দনের প্রণীত কি না, এই বিষয়ে অনেকে সন্দেহ করেন। কিন্তু দুর্গাপূজাতত্ত্ব সম্বন্ধে এই সন্দেহের অবকাশ নাই, যেহেতু রঘুনন্দন স্বয়ংই তিথিতত্ত্বের অন্তর্গত দুর্গোৎসবতত্ত্বে বলিয়া গিয়াছেন—"পূজায়াং বিশেষস্তু দুর্গাপূজাতত্ত্বেঽনুসন্ধেয়ঃ"। তাঁহার এই উক্তিই তৎপ্রণীত দুর্গাপূজাতত্ত্বের পৃথক্ অস্তিত্ব সম্বন্ধে বিশিষ্ট প্রমাণ। দুর্গোৎসবতত্ত্বে পূজাকালের ব্যবস্থা বিস্তৃতরূপে এবং প্রসঙ্গক্রমে পূজাপ্রণালী বলি হোম ইত্যাদিও উক্ত হইয়াছে; আর দুর্গাপূজাতত্ত্বে পূজাপ্রণালী বিস্তৃতরূপে এবং প্রসঙ্গক্রমে পূজাকালব্যবস্থাদিও কিছু কিছু কথিত হইয়াছে। এই কথা রঘুনন্দন নিজেই

পূর্ব্ববর্ত্তী, তিনি ইঁহাদের নাম উল্লেখ করিয়াছেন *। শূলপাণির দুর্গোৎসববিবেক, দুর্গোৎসবপ্রয়োগবিবেক, এবং বাসন্তীবিবেক, দুর্গাপূজা সম্বন্ধে এই তিনখানা নিবন্ধ ছিল, তন্মধ্যে দুর্গোৎসবপ্রয়োগবিবেক এই পর্য্যন্ত আমরা দেখিতে পাই নাই, অপর দুইখানা পুস্তক সংস্কৃতসাহিত্যপরিষদের পুস্তকালয়ে সংগৃহীত হইয়াছে, এবং পরিষদ্ তাহার মুদ্রণেরও ব্যবস্থা করিতেছেন। শ্রীনাথভট্ট শ্রীকরদত্তের পুত্র, এই দুই জনের নিবন্ধ দুর্লভ হইলেও অলভ্য হয় নাই।

বিদ্যাপতি, বাচস্পতিমিশ্র, † এবং কামরূপীয়নিবন্ধকার এই তিন জনও রঘুনন্দনের পূর্ব্ববর্ত্তী, রঘুনন্দন স্বকৃত নিবন্ধে ইঁহাদের নাম ও নিবন্ধের উল্লেখ করিয়াছেন। বিদ্যাপতি বাচস্পতিমিশ্রেরও পূর্ব্ববর্ত্তী, কারণ বাচস্পতিমিশ্র কৃত্যচিন্তামণির দুর্গোৎসব প্রকরণে বিদ্যাপতিকৃত দুর্গাভক্তিতরঙ্গিণীর উল্লেখ করিয়াছেন ‡। তাহা হইতেই দেখা যায়, দুর্গোৎসববিষয়ে নিবন্ধকারগণের মধ্যে রঘুনন্দনই সর্ব্বাপেক্ষা পরবর্ত্তী। রঘুনন্দন ন্যূনাধিক চারিশত বৎসর পূর্ব্বে চৈতন্যদেবের সমসময়ে বাঙ্গালার বিদ্যাপীঠ নবদ্বীপে আবির্ভূত হইয়াছিলেন। §

উক্ত নিবন্ধকারগণের পূর্ব্বে, সমসময়ে, অথবা পরে দুর্গোৎসববিষয়ে আরও কোন নিবন্ধ রচিত হইয়াছিল কি না, রচিত হইয়া থাকিলে তাহা জীর্ণ কীটদষ্ট অবস্থায় লোকলোচনের বাহিরে কোনরূপে আত্মরক্ষা করিতেছে কি না, তাহা এই পর্য্যন্ত জানা যায় নাই।

রঘুনন্দন মলমাসতত্ত্বের প্রথমে ২৮ খানা তত্ত্ব লিখিবেন বলিয়া প্রতিজ্ঞা করিয়াছেন। সেই ২৮ খানা তত্ত্বের নাম এই—(১) মলমাসতত্ত্ব, (২) দায়তত্ত্ব, (৩) সংস্কারতত্ত্ব, (৪) শুদ্ধিতত্ত্ব, (৫) প্রায়শ্চিত্ততত্ত্ব, (৬) উদ্বাহতত্ত্ব, (৭) তিথিতত্ত্ব, (৮) জন্মাষ্টমীতত্ত্ব, (৯) দুর্গোৎসবতত্ত্ব, (১০) ব্যবহারতত্ত্ব, (১১) একাদশীতত্ত্ব, (১২) জলাশয়োৎসর্গতত্ত্ব, (১৩) ভবনোৎসর্গতত্ত্ব, (১৪) ঋগ্বেদিবৃষোৎসর্গতত্ত্ব, (১৫)

* দুর্গাপূজাতত্ত্বে ইঁহাদের নাম উল্লিখিত না হইলেও রঘুনন্দন অন্য গ্রন্থে ইঁহাদের নামের উল্লেখ করিয়াছেন।

† এই স্মৃতি নিবন্ধকার বাচস্পতিমিশ্র ষড়্দর্শনটীকাকার বাচস্পতিমিশ্র হইতে ভিন্ন।

‡ [illegible] পুঁথী দ্রষ্টব্য।

§ [illegible] শ্রীযুক্ত মধুসূদন বিদ্যাভূষণ মহাশয়ের নিকট শুনিলাম—চৈতন্যদেব ১৪০৭ শকে এবং রঘুনন্দন ১৪৪০ শকে জন্মগ্রহণ করিয়াছিলেন।

যজুর্ব্বেদিবৃষোৎসর্গতত্ত্ব, (১৬) সামবেদিবৃষোৎসর্গতত্ত্ব, (১৭) ব্রততত্ত্ব, (১৮) প্রতিষ্ঠাতত্ত্ব, (১৯) পরীক্ষাতত্ত্ব, (২০) জ্যোতিস্তত্ত্ব, (২১) বাস্তুযাগতত্ত্ব, (২২) দীক্ষাতত্ত্ব, (২৩) আহ্নিকতত্ত্ব, (২৪) কৃত্যতত্ত্ব, (২৫) শ্রীপুরুষোত্তমতত্ত্ব, (২৬) সামশ্রাদ্ধতত্ত্ব, (২৭) যজুঃশ্রাদ্ধতত্ত্ব, (২৮) শূদ্রকৃত্যবিচারণতত্ত্ব।

এই অষ্টাবিংশতিতত্ত্বের মধ্যে তিথিতত্ত্বের অন্তর্গত জন্মাষ্টমীতত্ত্ব ও দুর্গোৎসবতত্ত্বের পৃথক্ উল্লেখ করা হইয়াছে। এই দুই গ্রন্থ পৃথক্ বলিয়াই জন্মাষ্টমীতত্ত্বের পূর্ব্বে—

"প্রণম্য জগতামীশং বসুদেবসুতং হরিম্।
তজ্জন্মতিথিতত্ত্বানি বক্তি শ্রীরঘুনন্দনঃ।"

এই নমস্কার শ্লোক এবং শেষে "ইতি বন্দ্যঘটীয়শ্রীরঘুনন্দনভট্টাচার্য্যবিরচিতং শ্রীকৃষ্ণজন্মাষ্টমীব্রততত্ত্বং সমাপ্তম্" এইরূপ উল্লেখ করা হইয়াছে। এইরূপ দুর্গোৎসবতত্ত্বের পূর্ব্বেও—

"স্মৃতিতত্ত্বে মহাদেবীং সৃষ্টিস্থিত্যন্তকারিণীম্।
নত্বা বদতি তৎপূজাকালং শ্রীরঘুনন্দনঃ॥"

এই নমস্কার শ্লোক এবং শেষে "ইতি বন্দ্যঘটীয়হরিহরভট্টাচার্য্যাত্মজ-শ্রীরঘুনন্দন ভট্টাচার্য্যবিরচিতং দুর্গোৎসবতত্ত্বং সমাপ্তম্।" এইরূপ উল্লেখ আছে। তিথিতত্ত্বের আর কোন প্রকরণে এইরূপ নমস্কার শ্লোক এবং সমাপ্তিসূচক বাক্য পৃথক্ নাই। ইহাতেই ইহাদের পৃথক্ত্ব সূচিত হইতেছে। এই অষ্টাবিংশতিতত্ত্ব ভিন্ন রঘুনন্দন-প্রণীত দুর্গাপূজাতত্ত্ব, যাত্রাতত্ত্ব, তীর্থতত্ত্ব, গ্রহযাগতত্ত্ব, এই চারিখানি গ্রন্থও দেখিতে পাওয়া যায়। এই চারিখানি গ্রন্থ রঘুনন্দনের প্রণীত কি না, এই বিষয়ে অনেকে সন্দেহ করেন। কিন্তু দুর্গাপূজাতত্ত্ব সম্বন্ধে এই সন্দেহের অবকাশ নাই, যেহেতু রঘুনন্দন স্বয়ংই তিথিতত্ত্বের অন্তর্গত দুর্গোৎসবতত্ত্বে বলিয়া গিয়াছেন—"পূজায়াং বিশেষস্তু দুর্গাপূজাতত্ত্বেঽনুসন্ধেয়ঃ"। তাঁহার এই উক্তিই তৎপ্রণীত দুর্গাপূজাতত্ত্বের পৃথক্ অস্তিত্ব সম্বন্ধে বিশিষ্ট প্রমাণ। দুর্গোৎসবতত্ত্বে পূজাকালের ব্যবস্থা বিস্তৃতরূপে এবং প্রসঙ্গক্রমে পূজাপ্রণালী বলি হোম ইত্যাদিও উক্ত হইয়াছে; আর দুর্গাপূজাতত্ত্বে পূজাপ্রণালী বিস্তৃতরূপে এবং প্রসঙ্গক্রমে পূজাকালব্যবস্থাদিও কিছু কিছু কথিত হইয়াছে। এই কথা রঘুনন্দন নিজেই

দুর্গোৎসবতত্ত্বের প্রথমে "বদতি তৎপূজাকালং" এই উক্তি এবং দুর্গাপূজাতত্ত্বের প্রথমে

"ব্যবস্থায়াঃ প্রপঞ্চস্তু বিজ্ঞেয়স্তিথিতত্ত্বতঃ।
পূজাবিধেশ্চ সম্যক্ত্বং জ্ঞাতব্যং কোবিদৈরিহ ॥"

এই উক্তির দ্বারা স্পষ্টভাবেই বলিয়া গিয়াছেন। দুর্গোৎসবতত্ত্ব পৃথক্ উক্ত হইলেও তাহা যে তিথিতত্ত্বের অন্তর্গত ইহাও দুর্গাপূজাতত্ত্বের উদ্ধৃত উক্তিতে সমর্থিত হইয়াছে।

রঘুনন্দনকৃত এই দুর্গাপূজাতত্ত্ব এ যাবৎ মুদ্রিত হয় নাই। গ্রন্থও দুর্লভ ছিল। শ্রীযুক্ত ক্ষিতীন্দ্রনাথ ঠাকুর বি, এ, তত্ত্বনিধি মহাশয় মেদিনীপুরের অন্তর্গত বাসুদেবপুর গ্রাম হইতে অনেকগুলি হস্তলিখিত প্রাচীন পুথি সংগ্রহ করিয়াছেন, তাহার মধ্যে একখান দুর্গাপূজাতত্ত্ব পাওয়া গিয়াছে। এই পুথিখানা ১৭২২ শকাব্দে [১২০৭ বঙ্গাব্দ, ১৮০০ খৃঃ অঃ] ভবানন্দ ভট্টাচার্য্য কর্ত্তৃক লিখিত। তত্ত্বনিধি মহাশয়ের সংগ্রহের মধ্যে ভবানন্দভট্টাচার্য্যকর্ত্তৃক লিখিত স্মৃতিশাস্ত্র ও ক্রিয়াকাণ্ড সম্বন্ধে বহু পুথি আছে। দুর্গাপূজাতত্ত্বের আর একখানা পুথি মদীয় অগ্রজ শ্রীযুক্ত গিরীশচন্দ্র বেদান্ততীর্থ মহাশয় ময়মনসিংহ জেলার অন্তর্গত মুক্তাগাছা থানার অধীন চাঁপুরিয়া গ্রামনিবাসী শ্রীযুক্ত নলিনীকান্ত ভট্টাচার্য্যের বাড়ী হইতে সংগ্রহ করিয়া রাজসাহি বরেন্দ্র-অনুসন্ধান-সমিতিকে প্রদান করিয়াছেন। এই দুর্লভ ও উপযোগী পুস্তকের প্রকাশ অত্যাবশ্যক মনে করিয়া সংস্কৃত-সাহিত্য-পরিষদে প্রস্তাব উত্থাপন করায় পরিষদের অধ্যক্ষগণ পুস্তক-প্রকাশে কৃতসঙ্কল্প হইয়া আমার উপর সম্পাদনভার অর্পণ করিয়াছেন। এই ভার দুর্ব্বহ হইলেও যথাশক্তি বহন করিতে চেষ্টা করিয়াছি। কতদূর কৃতকার্য্য হইয়াছি, জানি না। সুধীগণ ত্রুটি-বিচ্যুতিজন্য অপরাধ ক্ষমা করিবেন।

বরেন্দ্র-অনুসন্ধান-সমিতির পুস্তক হস্তগত হইতে বিলম্ব হওয়ায় মেদিনীপুরের পুস্তকের সাহায্যেই গ্রন্থের মুদ্রণকার্য্য শেষ করা হইয়াছে। পরে ময়মনসিংহের পুস্তক হস্তগত হওয়ায় তাহাতে যে সকল পাঠান্তর ও অধিক পাঠ পরিলক্ষিত হইয়াছে, তাহা গ্রন্থশেষে সন্নিবেশিত করা হইয়াছে। পাঠক লক্ষ্য করিয়া দেখিবেন—বাঙ্গালার দক্ষিণ প্রান্ত মেদিনীপুর হইতে একখানা ও উত্তর-পূর্ব্বপ্রান্ত ময়মনসিংহ হইতে একখানা পুথি সংগৃহীত হইয়াছে, উভয় পুথিতে

কিরূপ পাঠের বৈষম্য, এবং এই পাঠ-বৈষম্যে দেশভেদে কিরূপ সাম্প্রদায়িকতা পরিলক্ষিত হয়। রঘুনন্দনের বহু গ্রন্থই মুদ্রিত হইয়াছে, মুদ্রিত গ্রন্থদ্বারাই এখন অধ্যয়ন অধ্যাপনা হইয়া থাকে। দুঃখের বিষয়, গ্রন্থসম্পাদকগণের মধ্যে কেহই নানা প্রদেশের পুথি সংগ্রহ করিয়া পাঠান্তরসন্নিবেশের আয়াস স্বীকার করেন নাই। বাঙ্গালাদেশ রঘুনন্দনের স্মৃতিনিবন্ধকর্ত্তৃক অনুশাসিত, অথচ রঘুনন্দনের গ্রন্থের একখানি ভাল সংস্করণ আজ পর্য্যন্ত প্রকাশিত হইল না, ইহা বড়ই পরিতাপের বিষয়। সুখের বিষয়—সংস্কৃত-সাহিত্য-পরিষৎ এই কার্য্যে হস্তক্ষেপ করিতে ইচ্ছা করিয়াছেন। জগদম্বা পরিষদের ইচ্ছা পূর্ণ করুন, ইহাই প্রার্থনা।

আমি আদর্শপুস্তকে [মেদিনীপুরের পুস্তকে] যেরূপ পাইয়াছি, সেইরূপই মূলে সন্নিবেশিত করিয়াছি, অশুদ্ধিস্থলেও নিজ প্রতিভাবলে শোধন করিতে চেষ্টা করি নাই। যে সকল পাঠ জানা আছে, তাহাতেও আদর্শ পুস্তকের অন্যথা করি নাই। দেশভেদে পাঠবৈষম্য দেখাইবার জন্যই এইরূপ করিয়াছি। ময়মনসিংহের পুস্তকেও যেরূপ দেখিয়াছি, পাঠান্তর স্থলেও সেইরূপই সন্নিবেশ করিয়াছি।

রঘুনন্দনপ্রণীত ক্রিয়াকাণ্ডের পুস্তকগুলি দুইভাগে বিভক্ত; একভাগ প্রমাণতত্ত্ব ও অপরভাগ প্রয়োগতত্ত্ব। যেমন আহ্নিকাচারপ্রমাণতত্ত্ব, আহ্নিকাচারপ্রয়োগতত্ত্ব, বাস্তুযাগপ্রমাণতত্ত্ব, বাস্তুযাগপ্রয়োগতত্ত্ব, ইত্যাদি। প্রমাণতত্ত্বগুলি মুদ্রিত হইয়াছে, প্রয়োগতত্ত্বগুলি এই পর্য্যন্ত মুদ্রিত হয় নাই। দুর্গাপূজাতত্ত্বও দুইভাগে বিভক্ত, দুর্গাপূজাপ্রমাণতত্ত্ব ও দুর্গাপূজাপ্রয়োগতত্ত্ব। দুর্গাপূজাপ্রমাণতত্ত্বে পূজাপ্রণালীবিষয়ক প্রমাণ এবং প্রয়োগতত্ত্বে পদ্ধতি লিখিত হইয়াছে। মেদিনীপুর ও ময়মনসিংহ হইতে যে দুইখানি পুথি সংগৃহীত হইয়াছে, সেই দুইখানাতেই কেবল প্রমাণতত্ত্ব আছে, প্রয়োগতত্ত্ব নাই। প্রয়োগতত্ত্ব আমি নিজে একখানা সংগ্রহ করিয়াছিলাম, তাহাকেই আদর্শ করিয়া প্রয়োগতত্ত্ব সম্পাদন করা হইল।

রঘুনন্দনের পূর্ব্ব হইতেই দেবীপুরাণ, বৃহন্নন্দিকেশ্বর পুরাণ, কালিকাপুরাণ, মৎস্যপুরাণ প্রভৃতি পুরাণোক্ত দুর্গাপূজা-পদ্ধতি প্রচলিত ছিল। রঘুনন্দনের দুর্গাপূজাপ্রয়োগ রচিত হইবার পরেও সকলেই স্ব স্ব কৌলিক রীতি অনুসারে তত্তৎপুরাণোক্ত পদ্ধতি অনুসারেই পূজা করিয়া আসিতেছেন, এইজন্য রঘুনন্দনের

দুর্গাপূজাপ্রয়োগ তাদৃশ প্রসার লাভ করিতে পারে নাই বলিয়া তাহার পুথিও দুষ্প্রাপ্য হইয়া পড়িয়াছে। এইরূপ সংস্কারসম্বন্ধেও দেখিতে পাওয়া যায়, রঘুনন্দনের সংস্কারতত্ত্ব রচিত হইবার পরেও কেহই তাহার অনুসরণ করে নাই, পূর্ব্বসংস্কার অনুসারে ভবদেবপ্রভৃতির রচিত পদ্ধতি অনুসারেই উপনয়ন বিবাহ প্রভৃতি সংস্কারকার্য্য সকলেই করিয়া আসিতেছেন। রঘুনন্দনের দুর্গাপূজাপ্রয়োগ প্রসার লাভ না করিলেও দুর্গাপূজাসম্বন্ধে ব্যবস্থার জন্য সকলেই রঘুনন্দনের দুর্গোৎসবতত্ত্বের অনুসরণ করিয়া থাকেন। এইজন্য দুর্গোৎসবতত্ত্বের অধ্যয়ন অধ্যাপনা এখনও বর্ত্তমান আছে। ইহার ফলে অন্য নিবন্ধসম্মত পূজাপদ্ধতির উপরেও দুর্গোৎসবতত্ত্বের প্রভুত্ব দেখিতে পাওয়া যায়। যেমন—বিদ্যাপতির দুর্গাভক্তিতরঙ্গিণীসম্মত পদ্ধতি অনুসারে বাঙ্গালায় বহুস্থানে দুর্গাপূজা দেখিতে পাওয়া যায়। দুর্গাভক্তিতরঙ্গিণীমতে দশমীদিন বিসর্জনান্তে দক্ষিণা করিতে হয়, রঘুনন্দন তাহা খণ্ডন করিয়া নবমীতে দক্ষিণার ব্যবস্থা দিয়া গিয়াছেন। এখন যাঁহারা দুর্গাভক্তিতরঙ্গিণীসম্মত পদ্ধতি অনুসারে পূজা করেন' তাঁহারাও নবমীদিনেই দক্ষিণা করেন, দশমীতে করেন না। বর্ত্তমান সময় মুদ্রাযন্ত্রের অনুগ্রহে নানা নিবন্ধ দেখা যাইতেছে, পূর্ব্বে এইরূপ সুযোগ ছিল না, বিশেষতঃ স্মার্ত্ত পণ্ডিতগণ রঘুনন্দনের স্মৃতিরই অধ্যয়ন অধ্যাপনা করিতেন, এইজন্য দুর্গোৎসবতত্ত্বের প্রভুত্ব বিস্তারিত হওয়ায় তত্তৎ পুরাণ ও নিবন্ধসম্মত দুর্গাপূজা-পদ্ধতিগুলি নিজেদের ব্যক্তিগত নিজস্ব অনেক পরিমাণে হারাইয়া বিকৃতি প্রাপ্ত হইয়াছে। এই বিকারের অন্য কারণও আছে। যে কোন এক পুরাণ বা এক নিবন্ধসম্মত পদ্ধতি পাঁচখানা মিলাইলে এক পুস্তক বলিয়া বোধ হয় না। পাঁচখানাই ভিন্ন ভিন্ন পুস্তক বলিয়া বোধ হয়। রঘুনন্দনের দুর্গাপূজাপ্রয়োগ তাদৃশ প্রসার লাভ করিতে না পারিয়া বিকৃত হইবার অবসর পায় নাই। দুর্গাপূজা-প্রমাণতত্ত্বে যেরূপ প্রমাণ দেখিতে পাওয়া যায়, প্রয়োগতত্ত্বেও তদনুরূপই পূজাপদ্ধতি দৃষ্ট হয়। রঘুনন্দন কোন একখানি পুরাণ অবলম্বন করিয়া এই প্রয়োগ রচনা করেন নাই, নানা পুরাণ ও নিবন্ধ হইতে প্রমাণ সংগ্রহ করিয়া তদনুসারে রচনা করিয়া গিয়াছেন। যাঁহারা অন্য পদ্ধতি অনুসারে পূজা করেন, তাঁহারাও এই দুর্গাপূজাতত্ত্বে অনেক বিষয় জানিতে পারিবেন। *

রঘুনন্দন এই পুস্তকের প্রমাণতত্ত্বে "শরদর্চ্চাবিধিং তন্ত্যা বক্তি শ্রীরঘুনন্দনঃ" এবং প্রয়োগতত্ত্বে "প্রয়োগং শরদর্চ্চায়া বক্তি শ্রীরঘুনন্দনঃ" এইরূপ নির্দ্দেশ করিয়া গিয়াছেন, তদনুসারে এই গ্রন্থ "শরদর্চ্চাবিধি" নামে পরিচিত, "দুর্গাপূজাতত্ত্ব" নামে প্রতিপত্তি লাভ করিতে পারে নাই। কিন্তু ইহার নাম যে দুর্গাপূজাতত্ত্ব, শরদর্চ্চাবিধি নয়, তাহা রঘুনন্দনের নিজের "পূজায়াং বিশেষস্তু দুর্গাপূজাতত্ত্বেঽস্য সঙ্কেয়ঃ" এবং দুর্গাপূজাপ্রমাণতত্ত্বের শেষে "শ্রীদুর্গাপূজাপ্রমাণতত্ত্বং সমাপ্তম্" এবং দুর্গাপূজাপ্রয়োগতত্ত্বের শেষে "শ্রীদুর্গাপূজাপ্রয়োগতত্ত্বং সমাপ্তম্" এই সকল উক্তিই প্রমাণ। রঘুনন্দন মলমাসতত্ত্বের প্রথমে অষ্টাবিংশতিতত্ত্বের প্রতিজ্ঞায় "মলিম্লুচে দায়ভাগে" এবং মলমাসতত্ত্বের প্রতিজ্ঞায় "তত্ত্বং ভাষে মলিম্লুচে" এই উক্তিদ্বয়ে মলমাসশব্দ ব্যবহার না করিয়া তদর্থক মলিম্লুচশব্দ ব্যবহার করিলেও এই গ্রন্থ মলমাসতত্ত্ব নামেই প্রসিদ্ধ, রঘুনন্দন নিজেও অন্যত্র এই গ্রন্থের নাম উল্লেখ করিতে মলমাসতত্ত্ব বলিয়াই উল্লেখ করিয়াছেন। সেইরূপ এই গ্রন্থও প্রতিজ্ঞায় শরদর্চ্চাবিধিরূপে উল্লিখিত হইলেও ইহার দুর্গাপূজাতত্ত্ব নামই রঘুনন্দনের অভিপ্রেত, দুর্গোৎসবতত্ত্বের উক্তিই তাহার প্রমাণ। শরদর্চ্চাবিধি ইহা অর্থপ্রধান নির্দ্দেশ, গ্রন্থকার দুর্গাকে প্রণাম করিয়া তাঁহার শরদর্চ্চাবিধি অর্থাৎ শরৎকালীন পূজাবিধি বলিতেছেন, এইরূপ প্রতিজ্ঞা করা হইয়াছে। এই গ্রন্থের নাম শরদর্চ্চাবিধি হইলে গ্রন্থকার স্বয়ং দুর্গোৎসবতত্ত্বে ইহাকে "দুর্গাপূজাতত্ত্ব" বলিয়া কখনই উল্লেখ করিতেন না, দুর্গার পূজাসম্বন্ধে বিশেষ কথা এই গ্রন্থেই দেখিতে পাওয়া যায়, কাজেই রঘুনন্দনের উল্লিখিত দুর্গাপূজাতত্ত্ব এই গ্রন্থ ভিন্ন আর কোন গ্রন্থ হইতে পারে না।

দুর্গাপূজার ইতিহাস।

নদীয়ার রাজা কৃষ্ণচন্দ্রের সময় হইতে বর্ত্তমান আকারে মৃন্ময়ীমূর্ত্তিতে দুর্গাপূজা বা দুর্গোৎসব প্রচলিত হইয়াছে, ইহার পূর্ব্বে বর্ত্তমান আকারে মৃন্ময়ীমূর্ত্তিতে

* দুর্গাপূজা প্রমাণতত্ত্বে [২০ পৃঃ] উদ্ধৃত দেবীপুরাণবচনে চতুঃষষ্টি যোগিনীর যোগরূপের বর্ণনা আছে। বর্ত্তমান প্রচলিত দেবীপুরাণে এই বচনগুলি অন্যরূপ দেখিতে পাওয়া যায়। উদ্ধৃত বচনগুলিতে যে সকল নাম আছে তাহাতে চতুঃষষ্টি সংখ্যা পূর্ণ হয় না, বচনগুলিও অশুদ্ধিপূর্ণ, এইজন্য লেখকপ্রমাদে বচনগুলি বিকৃত হইয়াছে বলিয়া বোধ হয়। পূজাতত্ত্বে [৬১ পৃঃ] চতুঃষষ্টি সংখ্যা পূর্ণ আছে।

দুর্গাপূজা হইত না, এই মত অনেকের মুখে শুনিতে পাই। কোন্ প্রমাণ বলে কে প্রথম এই মত আবিষ্কার করিয়াছেন, তাহা জানি না। এই মত এখন ক্রমে প্রসার লাভ করিতেছে বলিয়াই যেন বোধ হয়। এই মত যে নিতান্ত ভ্রান্ত, ইহার মূলে যে কোন সত্য নাই, তাহা ক্রমে প্রদর্শিত হইতেছে।

রাজা কৃষ্ণচন্দ্র ইংরেজরাজত্বের প্রথমভাগে জীবিত ছিলেন, আর স্মার্ত্ত রঘুনন্দন ন্যূনাধিক চারিশত বৎসর পূর্ব্বে মহাপ্রভু চৈতন্যের সময়ে প্রাদুর্ভূত হইয়াছিলেন। রঘুনন্দনের দুর্গোৎসবতত্ত্ব ও দুর্গাপূজাতত্ত্ব বিশেষতঃ দুর্গাপূজাপ্রয়োগতত্ত্ব পাঠ করিলে স্পষ্টতই বোধ হয়—তৎকালে বর্ত্তমান আকারে মৃন্ময়ী-মূর্ত্তিতেই শারদীয়া দুর্গাপূজা হইত, এবং তাহারই ব্যবস্থা এবং পদ্ধতির জন্য এই দুই গ্রন্থ তিনি লিখিয়া গিয়াছেন। এই দুই গ্রন্থে মৃন্ময়ীমূর্ত্তিপূজাসম্বন্ধে যে সকল আচার ও খুঁটিনাটি লিখিত হইয়াছে, বর্ত্তমান সময়েও তাহাই করা হয়। সপ্তমীদিন নবপত্রিকা স্থাপন করিতে হয়, বাঙ্গালার সর্ব্বত্রই এই নবপত্রিকা অপরাজিতা লতার দ্বারা বেষ্টন করার ব্যবহার প্রচলিত আছে, কিন্তু এই সম্বন্ধে শাস্ত্রীয় কোন প্রমাণ নাই, রঘুনন্দনও দুর্গাপূজাতত্ত্বে [৫১ পৃঃ] লিখিয়াছেন—"তত আচারাদপরাজিতা-লতাবদ্ধাং নবপত্রিকাং বিল্বশাখাঞ্চ স্থাপয়িত্বা"। কোন ক্রিয়াই অল্পদিনের আচরণে সর্ব্বদেশব্যাপী আচারে পরিণত হইতে পারে না। ইহাতেও বোধ হইতেছে রঘুনন্দনের বহু পূর্ব্ব হইতেই এই ক্রিয়া অনুষ্ঠিত হইয়া সর্ব্বদেশব্যাপী আচারে পরিণত হইয়াছে, এই জন্যই তিনি "আচারাদপরাজিতালতাবদ্ধাং" এই কথা লিখিয়াছেন। রঘুনন্দন দুর্গাপূজাতত্ত্বে [৬ পৃঃ] ভবিষ্যপুরাণের বচন উদ্ধৃত করিয়া প্রতিপদাদিকল্পসম্বন্ধে বলিয়াছেন—প্রতিপদে কেশসংস্কার দ্রব্য, দ্বিতীয়ায় কেশসংযমের জন্য পট্টডোর, তৃতীয়ায় দর্পণ সিন্দূর ও আল্‌তা, চতুর্থীতে মধুপর্ক তিলকদ্রব্য ও নেত্রভূষণ, এবং পঞ্চমীতে অঙ্গরাগদ্রব্য ও যথাশক্তি অলঙ্কার দেবীকে প্রদান করিয়া ষষ্ঠীতে সায়ংকালে বোধন করিবে। পরে সপ্তমীতে প্রাতঃকালে দেবীকে গৃহে আনিয়া পূজা করিবে। এই বচনে মৃন্ময়ীমূর্ত্তির উল্লেখ না থাকিলেও প্রাতঃকালে দেবীকে গৃহে আনয়নের কথায় প্রতিমাকেই গৃহে আনয়ন করিবে ইহাই স্পষ্ট বুঝা যায়। দুর্গাপূজাতত্ত্বে [৮ পৃঃ] বৃহন্নন্দিকেশ্বরপুরাণ হইতে বচন উদ্ধৃত করিয়া সপ্তম্যাদিকল্পপূজার কর্ত্তব্যতা নির্দ্ধারিত করিয়াছেন। এই বচনগুলি দেবীর নিজের উক্তি। এই বচনগুলির মধ্যে আছে—

"মহীময়ী চ মূর্ত্তির্ম্মে পুত্রায়ুর্দ্ধনবৃদ্ধয়ে।"

মৃন্ময়ীমূর্ত্তিতে আমার [দেবীর] পূজা করিলে পুত্র, আয়ু ও ধনবৃদ্ধি হয়। দুর্গাপূজাতত্ত্বে [১১ পৃঃ] দুর্গার প্রাণপ্রতিষ্ঠায় বলিয়াছেন—"দুর্গায়াঃ প্রাণপ্রতিষ্ঠায়াং কপোলৌ ধৃত্বা অঙ্গমন্ত্রং মূলমন্ত্রঞ্চ পঠেৎ, হৃদয়ে অঙ্গুষ্ঠং দত্বা অস্যৈ ইত্যত্র অস্যৈ ইত্যূহং কৃত্বা তদাদিকং পঠেৎ।" দুর্গার প্রাণপ্রতিষ্ঠা সময়ে প্রতিমার গাল দুইটি ধরিয়া অঙ্গমন্ত্র ও মূলমন্ত্র পাঠ এবং হৃদয়ে অঙ্গুষ্ঠ প্রদান করিয়া "অস্যৈ প্রাণাঃ" ইত্যাদি মন্ত্র পাঠ করিবে। বলা বাহুল্য প্রতিমা ভিন্ন অন্যত্র এইরূপ প্রাণপ্রতিষ্ঠা হইতে পারে না। উপচারদানপ্রকরণে [দুর্গাপূজাতত্ত্ব ১৫ পৃঃ]

"প্রতিমাসু চ যদ্ যোগ্যং গাত্রে দাতুঞ্চ তৎ তনৌ।
দদ্যাদযোগ্যং পুরতো নৈবেদ্যং ভোজনাদিকম্॥"

"যে সকল দ্রব্য প্রতিমাতে দেওয়ার যোগ্য তাহা প্রতিমার গাত্রেই প্রদান করিবে। নৈবেদ্য ভোজনদ্রব্য প্রভৃতি যাহা প্রতিমাতে দেওয়ার যোগ্য নয়, তাহা প্রতিমার সম্মুখে স্থাপন করিবে।" এই কালিকাপুরাণ-বচন উদ্ধৃত করিয়াছেন। মহাস্নান-প্রকরণে [দুর্গাপূজাতত্ত্ব ১৬ পৃঃ] বলিয়াছেন—"অভ্যঞ্জনীয়ং স্নানীয়ঞ্চ মৃন্ময়প্রতিমায়াঃ সমীপে নিবেদয়েৎ, 'দদ্যাদযোগ্যং পুরতঃ' ইতি প্রাগুক্তবচনাৎ। দর্পণে বা স্নাপয়েৎ 'স্নাপয়েৎ শঙ্খতোয়েন প্রতিমায়াঞ্চ দর্পণে' ইতি মৎস্যসূক্তাৎ।" অভ্যঞ্জনীয় এবং স্নানীয় দ্রব্য মৃন্ময়ী প্রতিমার সমীপে নিবেদন করিবে। এই সকল দ্রব্য মৃন্ময়ীপ্রতিমায় দেওয়ার যোগ্য নয়। অথবা দর্পণে প্রতিফলিত প্রতিমার প্রতিবিম্বকে স্নান করাইবে। বিসর্জ্জনসম্বন্ধে দুর্গাপূজাতত্ত্বে [৪৪ পৃঃ]

"নৌযানৈর্নরযানৈর্ব্বা নীত্বা ভগবতীং শিবাম্।
স্রোতোজলে প্রক্ষিপেয়ুঃ ক্রীড়াকৌতুকমঙ্গলৈঃ॥"

"নৌকা অথবা মনুষ্যবাহিত যানে ভগবতীকে বহন করিয়া ক্রীড়া কৌতুক ও মঙ্গলাচারপূর্ব্বক স্রোতোজলে নিক্ষেপ করিবে।" এই নন্দিকেশ্বর-পুরাণবচন উদ্ধৃত করিয়াছেন। রঘুনন্দন দুর্গাপূজাপ্রয়োগতত্ত্বেও এই সকল প্রমাণের অনুরূপ পদ্ধতি লিখিয়া গিয়াছেন। ইহাতে স্পষ্টই বুঝা যাইতেছে—তিনি মৃন্ময়ী প্রতিমায় শারদীয়-দুর্গাপূজার ব্যবস্থা এবং প্রয়োগের জন্যই দুর্গোৎসবতত্ত্ব ও দুর্গাপূজাতত্ত্ব লিখিয়া গিয়াছেন।

বিবেককার শূলপাণি রঘুনন্দনের পূর্ব্ববর্ত্তী। তিনি দুর্গোৎসববিবেকে বৃহন্নন্দিকেশ্বর পুরাণের "মহীময়ী চ মূর্ত্তির্ম্মে" ইত্যাদি বচন এবং "নৌষাটৈর্নর্মরমা-নৈরপা" ইত্যাদি বচন উদ্ধৃত করিয়াছেন। তথায় অন্যত্র বলিয়াছেন— "মৎস্যসূক্তে—

'স্নাপয়েৎ শঙ্খতোয়েন প্রতিমায়াঞ্চ দর্পণে।'

দর্পণ ইতি মৃন্ময়প্রতিমাপক্ষে। ব্রাহ্মে—

'দেবানাং প্রতিমা যত্র ঘৃতাভ্যঙ্গক্ষমা ভবেৎ।' ইত্যাদি।

শূলপাণির এই সকল উক্তিতেও স্পষ্টই অনুমিত হয়, তিনিও মৃন্ময়ী মূর্ত্তিতে দুর্গাপূজার ব্যবস্থার জন্যই নিবন্ধ লিখিয়া গিয়াছেন।

রঘুনন্দন দুর্গোৎসবতত্ত্ব ও দুর্গাপূজাতত্ত্বের বহুস্থলেই দূষণ বা ভূষণরূপে দুর্গাভক্তিতরঙ্গিণীনামক নিবন্ধের উল্লেখ করিয়াছেন। বাঙ্গালার বহুস্থলে অদ্যাপি তরঙ্গিণী-সম্মত পদ্ধতি অনুসারে দুর্গাপূজা হইয়া থাকে। * এই তরঙ্গিণী দুর্গা-ভক্তিতরঙ্গিণী। প্রসিদ্ধ বৈষ্ণবপদকার মৈথিল-পণ্ডিত বিদ্যাপতি এই নিবন্ধের রচয়িতা। † বিদ্যাপতি ১৩৯৩ শকাব্দ হইতে ১৪০১ শকাব্দের মধ্যে [১৪৭৩— ১৪৭৯ খৃঃ অঃ] দুর্গাভক্তিতরঙ্গিণী রচনা করেন। রঘুনন্দনের অল্প পূর্ব্বেই দুর্গাভক্তিতরঙ্গিণী রচিত হইয়াছিল। দুর্গাভক্তিতরঙ্গিণী এ পর্য্যন্ত আমরা দেখিতে পাই নাই, তৎসম্মত দুর্গাপূজাপদ্ধতি অনেক দেখিয়াছি, রঘুনন্দনও স্বকৃতনিবন্ধে দুর্গাভক্তিতরঙ্গিণীর অনেক উক্তি ও মত উদ্ধৃত করিয়াছেন। এই সকল দেখিয়াও

* বঙ্গদেশ রঘুনন্দনের স্মৃতিশাস্ত্রের অনুশাসন অবনত-মস্তকে অঙ্গীকার করিয়াও তাঁহার দুর্গাপূজাপদ্ধতিকে উপেক্ষা করিয়াছে, কিন্তু মৈথিল-পণ্ডিত বিদ্যাপতির দুর্গাভক্তি-তরঙ্গিণী-সম্মত পূজাপদ্ধতি গ্রহণ করিয়াছে। বাঙ্গালার প্রসিদ্ধ প্রসিদ্ধ সাধকের বংশেই প্রায় ইহার প্রসার দেখিতে পাওয়া যায়। তরঙ্গিণীসম্মত পূজাপদ্ধতিতে কিঞ্চিৎ তান্ত্রিকতার ভাব আছে, এই জন্যই বোধ হয় প্রসিদ্ধ প্রসিদ্ধ সাধকের বংশে ইহা আদরের সহিত গৃহীত হইয়াছে।

† প্রসিদ্ধ ঐতিহাসিক স্বর্গীয় রাজকৃষ্ণ মুখোপাধ্যায় বঙ্গদর্শনে [১২৮২ সন জ্যৈষ্ঠ সংখ্যায়] "বিদ্যাপতি" নামক প্রবন্ধে প্রমাণ করিয়াছেন—বিদ্যাপতি রাজা শিবসিংহের সময়ে পদাবলী এবং শিবসিংহের পরে তাঁহার [illegible] নরসিংহদেবের রাজত্বসময়ে নরসিংহদেবের পুত্র [illegible] আদেশে [illegible] শকাব্দ হইতে [illegible] শকাব্দের মধ্যে "দুর্গাভক্তিতরঙ্গিণী" নামক নিবন্ধ রচনা করেন।

প্রতীতি হয়—বিদ্যাপতিও বর্ত্তমান আকারে প্রচলিত দুর্গাপূজার ব্যবস্থা নির্দ্ধারণের জন্যই দুর্গাভক্তিতরঙ্গিণী লিখিয়াছিলেন।

প্রসিদ্ধ স্মৃতিনিবন্ধকার মৈথিল-পণ্ডিত বাচস্পতিমিশ্র স্বকৃত কৃত্যচিন্তামণি নামক নিবন্ধে শারদীয়-দুর্গাপূজার ব্যবস্থা লিপিবদ্ধ করিয়া পূজা-সম্বন্ধে বলিয়াছেন—"পূজাবিধানং দুর্গাভক্তিতরঙ্গিণ্যামনুসন্ধাতব্যম্"। ইঁহার ব্যবস্থা-প্রণালীও রঘুনন্দন এবং শূলপাণির অনুরূপ। ইহাতেই বুঝা যাইতেছে—ইনিও বর্ত্তমান আকারে প্রচলিত দুর্গাপূজাপদ্ধতিরই অনুমোদন করিয়া গিয়াছেন। ইনি দুর্গাভক্তিতরঙ্গিণীর উল্লেখ করিয়াছেন, কাজেই ইনি বিদ্যাপতির সমসাময়িক বা পরবর্ত্তী। আবার রঘুনন্দন স্বকৃত নিবন্ধে বহুস্থলে বাচস্পতি-মিশ্রের উল্লেখ করিয়াছেন। ইহাতে জানা যাইতেছে, বিদ্যাপতি, বাচস্পতি-মিশ্র ও রঘুনন্দন এই তিন জন প্রায় সমসাময়িক।

শূলপাণি বিদ্যাপতিরও পূর্ব্ববর্ত্তী। রঘুনন্দন যেমন মধ্যে মধ্যে বিদ্যাপতির মতের উল্লেখ করিয়া খণ্ডন করিয়াছেন, শূলপাণি সেইরূপ দুর্গোৎসব-বিবেকে "বালক" নামক একজন নিবন্ধকারের মত মধ্যে মধ্যে উদ্ধৃত করিয়া খণ্ডন করিয়াছেন। এই পর্য্যন্ত আমরা বালকের কোন গ্রন্থের নামও শুনিতে পাই নাই, কাজেই এই বিষয়ে বালকের কি গ্রন্থ ছিল, বলিতে পারি না। দুর্গোৎসব-বিবেকে উদ্ধৃত বালকের মত পর্য্যালোচনা করিলে বোধ হয়—বালকও প্রচলিত দুর্গাপূজার আদর্শেই ব্যবস্থাপক নিবন্ধ রচনা করিয়াছিলেন।

নিবন্ধকারগণ যে সকল আকর-গ্রন্থ হইতে প্রমাণ উদ্ধৃত করিয়াছেন, সেই সকল গ্রন্থেও প্রচলিত মৃন্ময়ী দুর্গাপূজার অনুকূল মতই দেখিতে পাওয়া যায়। বর্ত্তমান সময় কালিকাপুরাণ, দেবীপুরাণ, বৃহন্নন্দিকেশ্বর-পুরাণ ও মৎস্যপুরাণ এই চারিটি পুরাণোক্ত দুর্গাপূজাপদ্ধতি প্রচলিত আছে। তিথিতত্ত্বের টীকাকার কাশীরামের উক্তিতে জানা যায় * লিঙ্গপুরাণ-সম্মত পূজাপদ্ধতিও প্রচলিত ছিল। বর্ত্তমান সময় বৃহন্নন্দিকেশ্বরপুরাণ পাওয়া যায় না, বর্ত্তমানপ্রচলিত মৎস্যপুরাণ

* তিথিতত্ত্বের অন্তর্গত দুর্গোৎসবতত্ত্বের টীকায় কাশীরাম বলিয়াছেন—"এবঞ্চ লিঙ্গ-পুরাণানুসারেণ চেৎ পূজা ক্রিয়তে তদা নবম্যাং অষ্টাদশভুজায়া বোধনং, কালিকা-পুরাণানুসারেণ চেৎ পূজা ক্রিয়তে তদা নবম্যাং দশভুজায়া বোধনমিতি বোধ্যম্।"

এবং লিঙ্গপুরাণেও দুর্গাপূজাপ্রকরণ দেখিতে পাওয়া যায় না। * বর্ত্তমান প্রচলিত কালিকাপুরাণ ও দেবীপুরাণে দুর্গোৎসব-প্রকরণ বিস্তৃতরূপেই দেখিতে পাওয়া যায় এবং ইহা বর্ত্তমানকালপ্রচলিত পূজার অনুরূপ। প্রকৃতপক্ষে এই সকল পুরাণোক্ত বিধি ও পদ্ধতি অনুসারেই দুর্গাপূজার প্রচলন হইয়াছে, নিবন্ধকারগণ তৎকালপ্রচলিত আচারের ব্যবস্থামাত্র প্রণয়ন করিয়াছেন, নিবন্ধকারগণ আচারের জন্মদাতা নহেন। অতএব কতদিন পূর্ব্বে বর্ত্তমান আকারে দুর্গাপূজার প্রচলন আরম্ভ হইয়াছে তাহা নির্দ্দেশ করিবার উপায় নাই, বহু প্রাচীন কাল হইতে আরম্ভ হইয়াছে এইমাত্র বলা যাইতে পারে।

আর একটি প্রশ্ন হয় এই—মিথিলা বাঙ্গালা ও কামরূপে পুরাণসম্মতপদ্ধতি অনুসারে মৃন্ময়ী মূর্ত্তিতে পূজা হয়। পুরাণগুলি এই তিনদেশের নিজস্ব নহে, হিন্দুমাত্রের এবং ভারতের সাধারণ সম্পত্তি। এই অবস্থায় এই তিন দেশের বাহিরে পুরাণসম্মত এইরূপ পূজা গৃহীত হয় নাই কেন? এই প্রশ্নের উত্তর দিতে হইলে প্রাচীনকাল হইতে বর্ত্তমানকাল পর্য্যন্ত হিন্দুর আনুষ্ঠানিক ক্রিয়াকাণ্ডের ধারাবাহিক ইতিহাস আলোচনা করিতে হয়। ইহার জন্য দীর্ঘকালব্যাপী গভীর গবেষণার প্রয়োজন; আমার মত ইতিহাসানভিজ্ঞ ও চিররুগ্নের পক্ষে তাহা অসম্ভব। বিশেষতঃ ইহার উপকরণ-সংগ্রহ একজনের সাধ্য নহে। † তবে এই কথা বলা যায়—ভারতের অন্যত্র দেবীপক্ষে যে নবরাত্রব্রত অবশ্যকর্ত্তব্যরূপে

---

* বহুদিন পূর্ব্ব হইতেই পুরাণে নানারূপ বিভ্রাট ঘটিয়া আসিতেছে। প্রাচীন নিবন্ধকারগণ যে সকল পুরাণ হইতে যে সকল বচন বা বিষয় স্ব স্ব নিবন্ধে উদ্ধৃত করিয়াছেন, বর্ত্তমান প্রচলিত সেই সেই পুরাণে অনেক স্থলেই সেই সকল বচন বা বিষয় দেখিতে পাওয়া যায় না। বর্ত্তমান সময়েও একখানা পুরাণেরই বোম্বাইর পুথি, পশ্চিমদেশের পুথি ও বাঙ্গালার পুথি মিলাইয়া দেখিলে বহু পার্থক্য দেখিতে পাওয়া যায়। এমন কি বাঙ্গালার মধ্যেই তিনস্থান হইতে তিন খানা পুথি একত্র করিলে অনেক স্থলে পার্থক্য অনুভূত হয়। রঘুনন্দনও দুর্গাপূজাতত্ত্বে [৮ পৃঃ] "দুষ্প্রাপকালিকাপুরাণাদর্শেঽপি" বলিয়া কতকগুলি বচন উদ্ধৃত করিয়াছেন, ইহাদের মধ্যে একটি বচন আবার অন্যত্র [৬৬ পৃঃ] "তত্র কালিকাপুরাণম্" বলিয়া উদ্ধৃত করিয়াছেন। ইহাতেই বোধ হইতেছে, তিনি দুই রকম দুইখানি কালিকাপুরাণ পাইয়াছিলেন, তাহার একখানি তৎকালে প্রচলিত, অন্যখানি দুষ্প্রাপ্য, তৎকালে বিরলপ্রচার।

† বন্ধুবর শ্রীযুক্ত গিরীশচন্দ্র বেদান্ততীর্থ মহাশয় বাঙ্গালাদেশের সমস্ত দুর্গাপূজা-

প্রতিপালিত হয়, তাহাতেও দুর্গারই পূজা করা হয় এবং তাহার পদ্ধতি বঙ্গদেশীয় পদ্ধতি হইতে ভিন্ন হইলেও শাস্ত্রসম্মত। হিন্দুর প্রত্যেক ক্রিয়াকাণ্ডসম্বন্ধেই নানা শাস্ত্রে নানা প্রকার ভেদ দেখিতে পাওয়া যায়, দেশভেদে প্রকারভেদ গৃহীত হইয়াছে, সকল দেশ মিলিয়া এক প্রকার পদ্ধতি গ্রহণ করে নাই। অতি প্রাচীন ধর্ম্মে এইরূপ হওয়া স্বাভাবিক। উপনয়নাদিসংস্কার-সম্বন্ধেও এমন কি নিত্যক্রিয়া সন্ধ্যাবন্দনাদি সম্বন্ধেও দেশভেদে অনেক মতভেদ দেখিতে পাওয়া যায়। দুর্গাপূজা সম্বন্ধেও এইরূপ দেশভেদে প্রকারভেদ গৃহীত হইয়াছে, কোন বিধিই অশাস্ত্রীয় নহে। স্বস্বদেশপ্রচলিত রীতি অনুসারে সম্পাদন করিলেই তদ্দেশবাসীর ক্রিয়া সিদ্ধ হইবে, ইহাই শাস্ত্রের অভিপ্রায়।

আর একটি প্রশ্ন হয় এই—কালিকাপুরাণ দেবীপুরাণ প্রভৃতিতে দুর্গাপূজায়, তাহার অঙ্গরূপে সিংহ ও মহিষাসুরের পূজা এবং আবরণ দেবতারূপে অনেকগুলি দেবতার পূজা বিহিত হইয়াছে, গণেশ কার্ত্তিক ও লক্ষ্মী সরস্বতীর উল্লেখ নাই। এই অবস্থায় দুর্গার কাঠামে এই চারিটি দেবতা সংযুক্ত হইলেন কেন? এবং কোন্ সময় হইতেই বা এই দেবতাচতুষ্টয় দুর্গামূর্ত্তির সহিত সংযুক্ত হইয়া পূজা পাইয়া আসিতেছেন? দুর্গামূর্ত্তির সহিত ইঁহাদের পূজা শাস্ত্রসম্মত কি না? ইহার উত্তরে বলা যায়—দুর্গামূর্ত্তির সহিত ইঁহাদের পূজা কালিকাপুরাণ দেবীপুরাণ প্রভৃতিতে উল্লিখিত না হইলেও ইহা অশাস্ত্রীয় নহে।

কালীবিলাসতন্ত্রে শারদীয়-দুর্গাপূজার বিবরণ বিস্তৃতভাবে কথিত হইয়াছে। তথায় অষ্টাদশপটলে দেবী প্রশ্ন করিয়াছেন—

"দেবদেব মহাদেব সংসারার্ণবতারক।
পৃচ্ছাম্যেকং মহাভাগ কৃপয়া কথয় প্রভো॥
ধ্যানঞ্চ কার্ত্তিকেয়স্য তথা মন্ত্রং জগৎপতে।
ধ্যানঞ্চ বিজয়াদেব্যা জয়াদেব্যা বদ প্রভো॥
ময়ূরবাহনং তস্য গণেশস্য চ মূষিকম্।
শরৎকালীন-মহিষ্যাঃ পূজনঞ্চ কথং প্রভো॥

পদ্ধতি ও আচার ব্যবহার আলোচনা করিয়া "বঙ্গে দুর্গাপূজা" নামক একখানি বৃহৎ গ্রন্থ লিখিতেছেন। তাহাতে দুর্গাপূজা সম্বন্ধে অনেক রহস্য উদ্ঘাটিত হইবে।

কালিকায়াঃ পুরাণেষু তথা দেবীমতে প্রভো।
পূজনং কার্ত্তিকাদীনাং ন চ কুত্রাপি সংশ্রুতম্ ॥" [১—৪]

কালিকাপুরাণ ও দেবীমতে অর্থাৎ দেবীপুরাণে এই সকল দেবতার পূজা-পদ্ধতির অভাব-হেতুই দেবী এইরূপ প্রশ্ন করিয়াছেন। ইহার উত্তরে মহাদেব এই সকল দেবতার ধ্যান ও মন্ত্র বলিয়া ২০ পটলে বলিয়াছেন—

"গণেশ-কার্ত্তিকস্যাপি ময়ূর-মূষিকস্য চ।
জয়ায়া বিজয়াদেব্যাঃ সরস্বত্যাস্তথৈব চ॥
কমলায়াস্তথা পূজা শিবস্য ব্রহ্মণস্তথা।
সাবিত্রীপূজনং কৃত্বা স চ সিদ্ধীশ্বরো ভবেৎ॥
নবসিদ্ধাম্বিকাপূজাং কৃত্বা পূজাফলং লভেৎ।
তদা দশভুজাপূজা সমস্তফলদায়িকা॥
অন্যথা বিফলা পূজা কদাচিন্ন ফলপ্রদা।
আদৌ দশভুজাপূজা ঘটস্থাপনপূর্ব্বকম্॥
পঞ্চদেবং প্রপূজ্যাদৌ পশ্চান্মহিষমর্দ্দিনীম্।
ততস্তু কার্ত্তিকাদীনাং পূজাঞ্চ যত্নতশ্চরেৎ॥
ততস্তু পত্রিকাপূজা দেবীপুরাণসম্মতা।
সারাৎসারং মহেশানি চতুর্ব্বর্গেষু সম্মতম্॥" [১৯—২৪]

ইহার মর্ম্ম এই—গণেশ, গণেশবাহন মূষিক, কার্ত্তিক, কার্ত্তিকবাহন ময়ূর, জয়া, বিজয়া, সরস্বতী, লক্ষ্মী, শিব, ব্রহ্মা, সাবিত্রী এবং ব্রহ্মাণী প্রভৃতি নবপত্রিকা দেবতার পূজা করিয়া দশভুজার পূজা করিলে সম্পূর্ণ পূজাফল প্রাপ্ত হওয়া যায়, অন্যথা পূজা বিফল হয়। প্রথম ঘটস্থাপনপূর্ব্বক পঞ্চদেবতার পূজা করিয়া দশভুজা মহিষমর্দ্দিনীর পূজা করিবে। পরে কার্ত্তিক প্রভৃতির পূজা করিয়া দেবীপুরাণসম্মত নবপত্রিকাপূজা করিবে।

কালীবিলাসতন্ত্রের এই বিধি অনুসারেই দুর্গার কাঠামে গণেশ প্রভৃতি দেবতা-চতুষ্টয় স্থানলাভ করিয়াছেন। কেহ কেহ বলেন—মৃণ্ময়ী প্রতিমায় দুর্গাপূজার প্রবর্ত্তনা পূর্ব্ব হইতে আরম্ভ হইলেও গণেশাদি দেবতা-চতুষ্টয়ের সন্নিবেশ রাজা

কৃষ্ণচন্দ্রের সময় হইতেই হইয়াছে। ইহাও প্রকৃত নহে। রঘুনন্দন দুর্গাপূজা-প্রয়োগতত্ত্বে [৫২ পৃঃ] মূলদেবতার প্রাণপ্রতিষ্ঠার পর বলিয়াছেন—"এব-মন্ত্রেবাং গণেশাদীনাম্" অর্থাৎ গণেশাদি দেবতারও এইরূপ প্রাণপ্রতিষ্ঠা করিবে। বলা বাহুল্য, প্রতিমাতেই প্রাণপ্রতিষ্ঠা হইয়া থাকে; গণেশাদির প্রতিমা না থাকিলে প্রাণপ্রতিষ্ঠা কোথায় হইবে। আবার মূলদেবতার পূজার পরে [৬১ পৃঃ] বলিয়াছেন "ততো মহিষাসুর-সিংহ-গণেশাদীনাং যথাশক্তি পূজা কার্য্যা"। রঘুনন্দনের এই উক্তিতে বেশ বুঝা যাবতেছে—তাঁহার পূর্ব্বকাল হইতেই দুর্গার কাঠামে গণেশাদি দেবতাচতুষ্টয়ের সন্নিবেশ ও তাঁহাদের পূজা প্রচলিত হইয়া আসিতেছে। ইহাও কতকাল পূর্ব্ব হইতে আরম্ভ হইয়াছে, তাহা নির্ণয় করিবার উপায় নাই।

অকালে দুর্গাপূজার কারণ।

দক্ষিণায়ন দেবতাদিগের রাত্রি, এই সময়ে দেবতাগণ নিদ্রিত থাকেন। শরৎ-কাল দক্ষিণায়ন, তখন দুর্গাও নিদ্রিতা, এইজন্য শারদীয়া পূজায় দেবীর জাগরণের জন্য বোধন করিতে হয়। বসন্ত ঋতু উত্তরায়ন, তখন দেবতাদিগের দিবাকাল, এইজন্য বাসন্তীপূজায় বোধন করিতে হয় না।

শরৎকাল ভগবতীর দশভূজা দুর্গামূর্ত্তিতে আবির্ভাবের কাল। যেমন দীপান্বিতা অমাবস্যা কালীরূপের আবির্ভাবকাল বলিয়া ঐ দিনে কালীপূজা বিশেষ প্রশস্ত, সেইরূপ শরৎকাল দশভূজা দুর্গার আবির্ভাবকাল বলিয়া অকাল হইলেও এই সময় দশভূজা-দুর্গাপূজার প্রশস্তকালরূপে শাস্ত্রে বিহিত হইয়াছে।

মহিষাসুরবধের জন্য ভগবতী শরৎকালে হিমালয়ে কাত্যায়ন মুনির আশ্রমে দশভূজা-দুর্গারূপে আবির্ভূত হইয়াছিলেন। দশভূজার আবির্ভাববিবরণ বামন-পুরাণে [১৭শ—২০শ অঃ] দেবীভাগবতে [৫ম স্কন্ধ, ২য়—১৮শ অঃ] এবং মার্কণ্ডেয়-পুরাণে [৮২ তম—৮৩ তম অঃ] বিস্তৃতরূপে উক্ত হইয়াছে। কিন্তু দুর্গার আবির্ভাবের সময় এবং দেবীর পাদলগ্ন হইয়া মহিষাসুরের পূজাপ্রাপ্তির বিবরণ এক কালিকাপুরাণ ভিন্ন আর কোথাও নাই। কালিকাপুরাণের [৬০তম অঃ] গল্পের সংক্ষিপ্ত মর্ম্ম এই—মহাদেব রম্ভাসুরের তপস্যায় সন্তুষ্ট হইয়া তাহার ঔরসে মহিষাসুররূপে জন্মগ্রহণ করিয়াছিলেন। মহিষাসুর তিনকল্পে

তিনবার রম্ভাসুরের ঔরসে জন্মগ্রহণ করেন। প্রথমকল্পে ভগবতী অষ্টাদশভুজা উগ্রচণ্ডারূপে, দ্বিতীয়কল্পে ষোড়শভুজা ভদ্রকালীরূপে এবং তৃতীয়কল্পে দশভুজা দুর্গারূপে মহিষাসুরকে নিহত করেন। হিমালয়ে কাত্যায়ন-ঋষির আশ্রমে কৃষ্ণাদি আশ্বিনের কৃষ্ণচতুর্দ্দশীতে দেবতাগণের মিলিত তেজঃ হইতে দশভুজামূর্ত্তির আবির্ভাব। কাত্যায়নের স্বকীয় তেজে সেই মিলিত তেজঃ উদ্দীপিত হইয়াছিল, এবং দেবী কাত্যায়নের কন্যাত্ব স্বীকার করিয়াছিলেন, এইজন্য দেবীর এক নাম কাত্যায়নী। * আশ্বিনের শুক্লাষ্টমীতে মহিষাসুর দেবীকর্ত্তৃক নিহত হয়। দেবগণ নবমীতে দেবীর পূজা ও দশমীতে বিসর্জ্জন করেন। † অষ্টাদশভুজা উগ্রচণ্ডামূর্ত্তি

---

* "ততোহভিবৃর্দ্ধিতবপুর্দেবী কাত্যায়নেন বৈ।
সম্পূজিতা পূজিতা চ তেন কাত্যায়নী স্মৃতা॥" [কালিকাপুরাণ ৬০।৭৭]

"ততঃকতাং পর্ব্বতকূটসন্নিভং জগাম তেজঃ প্রবরাশ্রমে মুনেঃ।
কাত্যায়নস্যাপ্রতিমেন তেজসা মহর্ষিণা তেজ উপাকৃতঞ্চ॥
তেনর্ষিসৃষ্টেন চ তেজসাবৃতং জ্বলৎপ্রকাশার্কসহস্রতুল্যম্।
তস্মাচ্চ জাতা তরলায়তাক্ষী কাত্যায়নী যোগবিশুদ্ধদেহা॥"

[বামনপুরাণ ১৮।৭, ৮]

ভাস্কররায় চণ্ডীকবচের 'ষষ্ঠং কাত্যায়নীতি চ' ইহার ব্যাখ্যায় বলিয়াছেন—"কাত্যায়নীতি—দেবকার্য্যার্থং কাত্যায়নাশ্রমে আবির্ভূতা, তেন কন্যাত্বেন স্বীকৃতেতি কাত্যায়নীতি নাম ভগবত্যাঃ" [বোম্বাই বেঙ্কটেশ্বর প্রেসে মুদ্রিত সপ্তটীকোপেতা দুর্গাসপ্তশতী ১৭ পৃঃ]।

† দেবীভাগবতের [৫।৮।৩৪—৩৭] টীকায় শৈবনীলকণ্ঠ বলিয়াছেন,—"অয়ঞ্চাবতারঃ পুরাণান্তরপ্রসিদ্ধে কাত্যায়নাশ্রমে কাত্যায়নশিষ্যং স্ত্রীরূপেণ মোহয়ন্তং মহিষং দৃষ্ট্বা কাত্যায়নঃ স্ত্রী ত্বাং হনিষ্যতীতি শপ্তবানিতি তদাশ্রমে এব রূপধারণমিতি কালিকাপুরাণে স্পষ্টম্। আশ্বিনকৃষ্ণচতুর্দ্দশ্যামবতীর্ণা শুক্লাষ্টম্যাং তদ্বধঃ, নবম্যাং পূজা, দশম্যাং বিসর্জ্জনং কৃতং দেবৈরিতি চ তত্রোক্তম্।" বঙ্গবাসী আফিস হইতে প্রকাশিত কালিকাপুরাণে এই বিষয়ে এইরূপ দেখিতে পাওয়া যায়,—

"যা স্তুতা মহাদেবী বোধিতা চাশ্বিনস্য চ।
চতুর্দ্দশী কৃষ্ণপক্ষে প্রাদুর্ভূতা জগন্ময়ী।
দেবানাং তেজসাং মূর্ত্তিঃ শুক্লপক্ষে সুশোভনে।
সপ্তম্যাং সাকরোদ্ দেবী অষ্টম্যাং তৈরলঙ্কৃতা।
নবম্যামুপহারৈশ্চ পূজিতা মহিষাসুরম্।
নিজঘান দশম্যাঞ্চ বিসৃষ্টান্তর্হিতা শিবা॥" [৬০।৭৯—৮১]

এবং ষোড়শভুজা ভদ্রকালীমূর্ত্তিও এই সময়েই আবির্ভূতা হইয়াছিলেন। *

দেবীপুরাণে [১ম—২০শ অঃ] ঘোরাসুরের বিবরণ বিস্তৃতভাবে উক্ত হইয়াছে। দেবী আশ্বিন মাসে বিন্ধ্যাচলে আবির্ভূতা হইয়া আশ্বিন মাসে মহানবমীতে ঘোরাসুরকে নিহত করিয়াছিলেন। ভগবতী কোন্ তিথিতে কোন্রূপে আবির্ভূতা হইয়াছিলেন তাহার উল্লেখ নাই। ঘোরাসুরের যুদ্ধের সময়ে দেবগণ ভগবতীর পূজা করিয়াছিলেন, অষ্টমী দিন নিশার্দ্ধে এবং নবমী দিনে মহোৎসবের সহিত পূজা করিয়াছিলেন। এই পূজার কথা দেবীপুরাণ ২১শ অধ্যায়ে আছে। এই গল্পের বক্তা ব্রহ্মা, শ্রোতা ইন্দ্র। ইন্দ্র ব্রহ্মাকে জিজ্ঞাসা করিয়াছিলেন,—

"আশ্বিনে ঘাতিতে ঘোরে নবম্যাং প্রতিবৎসরম্।
শ্রোতুমিচ্ছামাহং তাত উপবাসব্রতাদিকম্॥" [২২।৩]

আশ্বিন মাসে মহানবমীতে ঘোরাসুর নিহত হওয়াতে প্রতি বৎসর এই সময়ে যে উপবাস-ব্রতাদির বিধান আছে, তাহা শুনিতে ইচ্ছা করি। ইন্দ্রের এই প্রশ্নের উত্তরে ব্রহ্মা শারদীয়া পূজার বিধি বলিয়াছেন; ইহাই দেবীপুরাণোক্ত শারদীয়-দুর্গাপূজাপদ্ধতি। রঘুনন্দন দুর্গাপূজাতত্ত্বে [১ পৃঃ] দেবীপুরাণের ব্রহ্মার উক্তি,—

এই বচনগুলিতে দেখা যায়—নবমীতে মহিষাসুর নিহত হইয়াছিল। এই বচনগুলি লিপিকর-প্রমাদে অশুদ্ধ এবং বিকৃত বলিয়া বোধ হয়।

○ "উগ্রচণ্ডা চ যা মূর্ত্তিরষ্টাদশভুজাভবৎ।
সা নবম্যাং পুরা কৃষ্ণপক্ষে কন্যাং গতে রবৌ।
প্রাদুর্ভূতা মহামায়া যোগিনীকোটিভিঃ সহ।" [কালিকাপুরাণ ৬১।২]

মহিষাসুরের দ্বিতীয় জন্মে ভগবতী ভদ্রকালীরূপে কোন্ তিথিতে আবির্ভূতা হইয়াছিলেন, তাহার উল্লেখ নাই। দক্ষযজ্ঞে সতীর দেহত্যাগের পর ভগবতী এই ষোড়শভুজা ভদ্রকালীরূপ ধারণ করিয়াই দক্ষযজ্ঞ ধ্বংস করিয়াছিলেন, এইজন্য দেবীর এক নাম দক্ষযজ্ঞবিনাশিনী। এই ভদ্রকালীরূপধারণের কাল আশ্বিনের শুক্লাষ্টমী। যথা দেবীভাগবতে [৩।২৭।৮—১০]—

"অশক্তো নিয়তং পূজাং কর্ত্তুং চেন্নবরাত্রকে।
অষ্টম্যাঞ্চ বিশেষেণ কর্ত্তব্যং পূজনং সদা।
পুরাষ্টম্যাং ভদ্রকালী দক্ষযজ্ঞবিনাশিনী।
প্রাদুর্ভূতা মহাঘোরা যোগিনীকোটিভিঃ সহ।"

"কন্যাসংস্থে রবৌ শক্র শুক্লামারভ্য নন্দিকাম্।" [২২।৭]

"মহানবম্যাং পূজেয়ং সর্ব্বকামপ্রদায়িকা।" [২২।২৩]

এই বচনদ্বয় উদ্ধৃত করিয়া প্রতিপাদন করিয়াছেন—দেবীপুরাণোক্ত পূ
ষষ্ঠ্যাদিকল্পে। ষষ্ঠী হইতে নবমী পর্য্যন্ত পূজা এবং দশমীতে বিসর্জ্জন। ইহাতে
বোধ হয়—ষষ্ঠীদিন দেবীর আবির্ভাব, নবমীতে ঘোরাসুর নিধন। এই জন্য
ষষ্ঠী হইতে নবমী পর্য্যন্ত পূজা বিহিত হইয়াছে। এই সময়েও যে ভগবতী
দশভুজারূপে আবির্ভূ তা হইয়াছিলেন তাহা ব্রহ্মার—

"বিধিনা শাস্ত্রদৃষ্টেন দশবাহু-ত্রিলোচনাম্॥

কারয়েদ্ ভক্তিমান্ যস্তু দেবীং শাস্ত্রবিশারদঃ।

সর্ব্বলক্ষণসম্পূর্ণাং সর্ব্বাভরণভূষিতাম্॥" [দেবীপুরাণ ৩২।১৯, ২০]

এই উক্তির দ্বারা বুঝা যায়। কারণ—ইন্দ্রের প্রশ্নের উত্তরে ব্রহ্মা
দুর্গাপূজাবিধি বলিয়াছেন তাহাতেই দুর্গার কিরূপ মূর্ত্তি নির্ম্মাণ করিয়া পূ
করিতে হইবে, এই আকাঙ্ক্ষায় দশভুজা ত্রিনয়না মূর্ত্তি নির্ম্মাণের ব্যব
বলিয়াছেন।

ইহাতেই দেখা যাইতেছে—মহিষাসুর বধের জন্য দেবী দশভুজারূপে হিমাল
কাত্যায়নের আশ্রমে এবং ঘোরাসুর বধের জন্য বিন্ধ্যাচলে দশভুজারূপে অবত

ততোঽষ্টম্যাং বিশেষেণ কর্ত্তব্যং পূজনং সদা।

নানাবিধোপহারৈশ্চ গন্ধমাল্যানুলেপনৈঃ॥

[দেবীভাগবত ৩।১৭।৮—১০]

দুর্গাপূজাতত্ত্ব [২০ পৃঃ] ধৃত "ভদ্রাষ্টম্যাং ভদ্রকালী" ইত্যাদি ব্রহ্মপুরাণ বচনেও মহাষ্টমী
ভদ্রকালীর আবির্ভাব এবং এই জন্য তাহাতে দেবীর বিশেষ পূজা উক্ত হইয়াছে। কালিক
পুরাণে [৬১ তম অধ্যায়ে] দেখিতে পাওয়া যায়—আষাঢ়ের পূর্ণিমায় দক্ষ যজ্ঞ আরম্ভ করি
ছিলেন, আশ্বিনের কৃষ্ণানবমীতে অর্থাৎ বোধনবমীতে সতী দেহত্যাগ করিয়া ভদ্রকালী
ধারণ করতঃ যজ্ঞ ধ্বংস করেন। আবার কালিকাপুরাণে অন্যত্র [৬০ তম অঃ ৫—
শ্লোক] অষ্টাদশভুজা উগ্রচণ্ডার পূজায় কৃষ্ণানবমীতে বোধন করিয়া মহানবমী পর্য্যন্ত পূ
ষোড়শভুজা ভদ্রকালীর পূজায় কৃষ্ণাদি আশ্বিনের কৃষ্ণাচতুর্দ্দশীতে বোধন করিয়া মহান
পর্য্যন্ত পূজা এবং দশভুজা দুর্গার পূজায় আশ্বিনের শুক্লা প্রতিপদ্ হইতে মহানবমী পর
পূজা এবং ষষ্ঠীতে বোধন বিহিত হইয়াছে।

আশ্বিনমাসে অবতীর্ণা হন এবং তখন দেবতাগণ তাঁহার পূজা করেন। দেবীর নিত্যনিবাসস্থান কৈলাস এবং আবির্ভাবস্থান বিন্ধ্যাচল ও হিমালয়; এইজন্য দুর্গাপূজায় আবাহন কালে—

"আবাহয়াম্যহং দেবীং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ।

কৈলাসশিখরাদ্ দেবি বিন্ধ্যাদ্রের্হিমপর্ব্বতাৎ॥

আগত্য বিল্বশাখায়াং চণ্ডিকে কুরু সন্নিধিম্।"

[দুর্গাপূজাতত্ত্ব ৫৩ পৃঃ]

এই মন্ত্রের দ্বারা কৈলাস, বিন্ধ্যাচল এবং হিমালয় হইতে দেবীকে আবাহন করা হয়। এই মন্ত্রের তাৎপর্য্য এই—কৈলাসশিখরে যে মূর্ত্তিতে নিত্য অবস্থান কর, ঘোরাসুরবধসময়ে যে মূর্ত্তিতে বিন্ধ্যাচলে আবির্ভূ তা হইয়াছিলে, এবং মহিষাসুর নিধনকালে যে মূর্ত্তিতে হিমালয়ে কাত্যায়নের আশ্রমে আবির্ভূ তা হইয়াছিলে সেই দশভুজা মূর্ত্তিতে এই বিল্বশাখায় এবং মৃন্ময়ী মূর্ত্তিতে আবির্ভূ তা হও।

উক্ত দুই ঘটনাই সত্যযুগের প্রথমে হইয়াছিল। পরে ত্রেতাযুগে রামচন্দ্রের পূজায় ভগবতী দশভুজারূপে অবতীর্ণা হইয়া রাবণবধ সম্পাদন করেন। রামচন্দ্রের দুর্গাপূজার গল্প মহাভাগবতে [৩৬—৪৮ অঃ], কালিকাপুরাণে [৬০ অঃ] এবং দেবীভাগবতে [৩য় স্কন্ধ ২৭—৩০ অঃ] দেখিতে পাওয়া যায়। তিন পুরাণে মতভেদ আছে। মতভেদ থাকিলেও শরৎকালেই যে দেবীর পূজা হইয়াছিল সেই বিষয়ে মত বিরোধ নাই।

মহাভাগবতের মতে—রামচন্দ্র কর্ত্তৃক বৃত হইয়া ব্রহ্মা লঙ্কার সমুদ্রতীরে এই পূজা করিয়াছিলেন। ব্রহ্মা বোধনবমীতে বোধন করিয়া সেইদিন হইতে শুক্লাষষ্ঠী পর্য্যন্ত দেবীর সাধারণ পূজা, ষষ্ঠীতে সায়ংকালে বিল্বশাখায় আমন্ত্রণ ও অধিবাস, সপ্তমীতে পূর্ব্বাহ্নে পত্রিকাপ্রবেশ, সপ্তমী হইতে নবমী পর্য্যন্ত মৃন্ময়ী মূর্ত্তিতে দেবীর বিশেষ পূজা, অষ্টমীনবমীসন্ধিতে সন্ধিপূজা এবং দশমীতে পূর্ব্বাহ্নে সমুদ্রজলে মৃন্ময়ী মূর্ত্তি বিসর্জ্জন করিয়াছিলেন। নবমী দিন রামচন্দ্র কর্ত্তৃক রাবণ নিহত হয়। দশমী দিন বিজয়োৎসব সম্পাদিত হয়।

ব্রহ্মা যে সময় পূজা করিয়াছিলেন সেই সময়ে—কন্যারাশিগত রবিতে অর্থাৎ সৌর আশ্বিন মাসে আর্দ্রানক্ষত্রযুক্ত কৃষ্ণানবমীতে বোধন, জ্যোষ্ঠানক্ষত্রযুক্ত শুক্লা-

তিনবার রম্ভাসুরের ঔরসে জন্মগ্রহণ করেন। প্রথমকল্পে ভগবতী অষ্টাদশভুজা উগ্রচণ্ডারূপে, দ্বিতীয়কল্পে ষোড়শভুজা ভদ্রকালীরূপে এবং তৃতীয়কল্পে দশভুজা দুর্গারূপে মহিষাসুরকে নিহত করেন। হিমালয়ে কাত্যায়ন-ঋষির আশ্রমে কৃষ্ণাদি আশ্বিনের কৃষ্ণচতুর্দ্দশীতে দেবতাগণের মিলিত তেজঃ হইতে দশভুজামূর্ত্তির আবির্ভাব। কাত্যায়নের স্বকীয় তেজে সেই মিলিত তেজঃ উদ্দীপিত হইয়াছিল, এবং দেবী কাত্যায়নের কন্যাত্ব স্বীকার করিয়াছিলেন, এইজন্য দেবীর এক নাম কাত্যায়নী। * আশ্বিনের শুক্লাষ্টমীতে মহিষাসুর দেবীকর্তৃক নিহত হয়। দেবগণ নবমীতে দেবীর পূজা ও দশমীতে বিসর্জন করেন। † অষ্টাদশভুজা উগ্রচণ্ডামূর্ত্তি

---

* "ততোজোভির্ব্বভবদ্দেবী কাত্যায়নেন বৈ।
সৎকৃতা পূজিতা চ তেন কাত্যায়নী স্মৃতা॥" [কালিকাপুরাণ ৬০।৭৭]
"ততোঽতিকোপাৎ পর্ব্বতকূটসন্নিভং জগাম তেজঃ প্রবরাশ্রমে মুনেঃ।
কাত্যায়নস্যাপ্রতিমেন তেজসা মহর্ষিণা তেজ উপাকৃতঞ্চ॥
তেনর্ষিসৃষ্টেন চ তেজসাবৃতং জ্বলৎপ্রকাশার্ক সহস্রতুল্যম্।
তস্মাচ্চ জাতা তরলায়তাক্ষী কাত্যায়নী যোগবিশুদ্ধদেহা॥"
[বামনপুরাণ ১৮।৭, ৮]

ভাস্কররায় চণ্ডীকবচের 'ষষ্ঠং কাত্যায়নীতি চ' ইহার ব্যাখ্যায় বলিয়াছেন—"কাত্যায়নীতি—দেবকার্য্যার্থং কাত্যায়নাশ্রমে আবির্ভূতা, তেন কন্যাত্বেন স্বীকৃতেতি কাত্যায়নীতি নাম ভগবত্যাঃ।" [বোম্বাই বেঙ্কটেশ্বর প্রেসে মুদ্রিত সপ্তটীকোপেতা দুর্গাসপ্তশতী ১৭ পৃঃ]।

† দেবীভাগবতের [৫।৮।৩৪—৩৭] টীকায় শৈবনীলকণ্ঠ বলিয়াছেন,—"অয়ঞ্চাবতারঃ পুরাণান্তরপ্রসিদ্ধে কাত্যায়নাশ্রমে কাত্যায়নশিষ্যং স্ত্রীরূপেণ মোহয়ন্তং মহিষং দৃষ্ট্বা কাত্যায়নঃ স্ত্রী ত্বাং হনিষ্যতীতি শপ্তবানিতি তদাশ্রমে এব তপশ্চারণমিতি কালিকাপুরাণে স্পষ্টম্। আশ্বিন-কৃষ্ণচতুর্দ্দশ্যামবতারঃ শুক্লাষ্টম্যাং বধঃ, নবম্যাং পূজা, দশম্যাং বিসর্জনং কৃতং দেবৈরিতি চ তত্রোক্তম্।" বঙ্গবাসী আফিস হইতে প্রকাশিত কালিকাপুরাণে এই বিষয়ে এইরূপ দেখিতে পাওয়া যায়,—

"যদা স্তুতা মহাদেবী বোধিতা চাশ্বিনস্য চ।
চতুর্দ্দশ্যাং কৃষ্ণপক্ষে প্রাদুর্ভূতা জগন্ময়ী॥
দেবানাং তেজসাং মূর্ত্তিঃ শুক্লপক্ষে সুশোভনে।
সপ্তম্যাং সাকরোৎ দেবী অষ্টম্যাং তৈরলঙ্কৃতা॥
নবম্যামুপহারৈশ্চ পূজিতা মহিষাসুরং।
নিজঘান দশম্যাঞ্চ বিসৃষ্টান্তর্হিতা শিবা॥" [৬০।৭৯—৮১].

এবং ষোড়শভুজা ভদ্রকালীমূর্ত্তিও এই সময়েই আবির্ভূতা হইয়াছিলেন। *

দেবীপুরাণে [১ম—২০শ অঃ] ঘোরাসুরের বিবরণ বিস্তৃতভাবে উক্ত হইয়াছে। দেবী আশ্বিন মাসে বিন্ধ্যাচলে আবির্ভূতা হইয়া আশ্বিন মাসে মহা-নবমীতে ঘোরাসুরকে নিহত করিয়াছিলেন। ভগবতী কোন্ তিথিতে কোন্‌রূপে আবির্ভূতা হইয়াছিলেন তাহার উল্লেখ নাই। ঘোরাসুরের যুদ্ধের সময়ে দেবগণ ভগবতীর পূজা করিয়াছিলেন, অষ্টমী দিন নিশার্দ্ধে এবং নবমী দিনে মহোৎসবের সহিত পূজা করিয়াছিলেন। এই পূজার কথা দেবীপুরাণ ২১শ অধ্যায়ে আছে। এই গল্পের বক্তা ব্রহ্মা, শ্রোতা ইন্দ্র। ইন্দ্র ব্রহ্মাকে জিজ্ঞাসা করিয়াছিলেন,—

"আশ্বিনে ঘাতিতে ঘোরে নবম্যাং প্রতিবৎসরম্।
শ্রোতুমিচ্ছামাহং তাত উপবাসব্রতাদিকম্॥" [২২।৩]

আশ্বিন মাসে মহানবমীতে ঘোরাসুর নিহত হওয়াতে প্রতি বৎসর এই সময়ে যে উপবাস-ব্রতাদির বিধান আছে, তাহা শুনিতে ইচ্ছা করি। ইন্দ্রের এই প্রশ্নের উত্তরে ব্রহ্মা শারদীয়া পূজার বিধি বলিয়াছেন; ইহাই দেবীপুরাণোক্ত শারদীয়-দুর্গাপূজাপদ্ধতি। রঘুনন্দন দুর্গাপূজাতত্ত্বে [১ পৃঃ] দেবীপুরাণের ব্রহ্মার উক্তি,—

---

* এই বচনগুলিতে দেখা যায়—নবমীতে মহিষাসুর নিহত হইয়াছিল। এই বচনগুলি লিপিকর-প্রমাদে অশুদ্ধ এবং বিকৃত বলিয়া বোধ হয়।

০ "উগ্রচণ্ডা চ যা মূর্ত্তিরষ্টাদশভুজাভবৎ।
সা নবম্যাং পুরা কৃষ্ণপক্ষে কন্যাং গতে রবৌ॥
প্রাদুর্ভূতা মহামায়া যোগিনীকোটিভিঃ সহ।" [কালিকাপুরাণ ৬১।২]

মহিষাসুরের দ্বিতীয় জন্মে ভগবতী ভদ্রকালীরূপে কোন্ তিথিতে আবির্ভূতা হইয়াছিলেন, তাহার উল্লেখ নাই। দক্ষযজ্ঞে সতীর দেহত্যাগের পর ভগবতী এই ষোড়শভুজা ভদ্রকালীরূপ ধারণ করিয়াই দক্ষযজ্ঞ ধ্বংস করিয়াছিলেন, এইজন্য দেবীর এক নাম দক্ষযজ্ঞবিনাশিনী। এই ভদ্রকালীরূপধারণের কাল আশ্বিনের শুক্লাষ্টমী। যথা দেবীভাগবতে [৩।২৭।৮—১০]—

"অশক্তো নিয়তং পূজাং কর্ত্তুং চেন্নবরাত্রকে।
অষ্টম্যাঞ্চ বিশেষেণ কর্ত্তব্যং পূজনং সদা॥
পুরাষ্টম্যাং ভদ্রকালী দক্ষযজ্ঞবিনাশিনী।
প্রাদুর্ভূতা মহাঘোরা যোগিনীকোটিভিঃ সহ॥"

"কন্যাসংস্থে রবৌ শক্র শুক্লামারভ্য নন্দিকাম্।" [২২।৭]

"মহানবম্যাং পূজেয়ং সর্ব্বকামপ্রদায়িকা।" [২২।২৩]

এই বচনদ্বয় উদ্ধৃত করিয়া প্রতিপাদন করিয়াছেন—দেবীপুরাণোক্ত পূজা ষষ্ঠ্যাদিকল্পে। ষষ্ঠী হইতে নবমী পর্য্যন্ত পূজা এবং দশমীতে বিসর্জ্জন। ইহাতেই বোধ হয়—ষষ্ঠীদিন দেবীর আবির্ভাব, নবমীতে ঘোরাসুর নিধন। এই জন্যই ষষ্ঠী হইতে নবমী পর্য্যন্ত পূজা বিহিত হইয়াছে। এই সময়েও যে ভগবতী দশভুজারূপে আবির্ভূতা হইয়াছিলেন তাহা ব্রহ্মার—

"বিধিনা শাস্ত্রদৃষ্টেন দশবাহু-ত্রিলোচনাম্॥
কারয়েদ্ ভক্তিমান্ যস্তু দেবীং শাস্ত্রবিশারদঃ।
সর্ব্বলক্ষণসম্পূর্ণাং সর্ব্বাভরণভূষিতাম্॥" [দেবীপুরাণ ৩২।১৯, ২০]

এই উক্তির দ্বারা বুঝা যায়। কারণ—ইন্দ্রের প্রশ্নের উত্তরে ব্রহ্মা যে দুর্গাপূজাবিধি বলিয়াছেন তাহাতেই দুর্গার কিরূপ মূর্ত্তি নির্ম্মাণ করিয়া পূজা করিতে হইবে, এই আকাঙ্ক্ষায় দশভুজা ত্রিনয়না মূর্ত্তি নির্ম্মাণের ব্যবস্থা বলিয়াছেন।

ইহাতেই দেখা যাইতেছে—মহিষাসুর বধের জন্য দেবী দশভুজারূপে হিমালয়ে কাত্যায়নের আশ্রমে এবং ঘোরাসুর বধের জন্য বিন্ধ্যাচলে দশভুজারূপে অকালে

ততোঽষ্টম্যাং বিশেষেণ কর্ত্তব্যং পূজনং সদা।
নানাবিধোপহারৈশ্চ গন্ধমাল্যানুলেপনৈঃ॥
[দেবীভাগবত ৩।১৭।৮—১০]

দুর্গাপূজাতত্ত্ব [২০ পৃঃ] ধৃত "তত্রাষ্টম্যাং ভদ্রকালী" ইত্যাদি ব্রহ্মপুরাণ বচনেও মহাষ্টমীতে ভদ্রকালীর আবির্ভাব এবং এই জন্য তাহাতে দেবীর বিশেষ পূজা উক্ত হইয়াছে। কালিকাপুরাণে [৬১ তম অধ্যায়ে] দেখিতে পাওয়া যায়—আষাঢ়ের পূর্ণিমায় দক্ষ যজ্ঞ আরম্ভ করিয়াছিলেন, আশ্বিনের কৃষ্ণানবমীতে অর্থাৎ বোধননবমীতে সতী দেহত্যাগ করিয়া ভদ্রকালীরূপ ধারণ করতঃ যজ্ঞ ধ্বংস করেন। আবার কালিকাপুরাণে অন্যত্র [৬০ তম অঃ ৫—২১ শ্লোক] অষ্টাদশভুজা উগ্রচণ্ডার পূজায় কৃষ্ণানবমীতে বোধন করিয়া মহানবমী পর্য্যন্ত পূজা, ষোড়শভুজা ভদ্রকালীর পূজায় কৃষ্ণাদি আশ্বিনের কৃষ্ণাচতুর্দ্দশীতে বোধন করিয়া মহানবমী পর্য্যন্ত পূজা, এবং দশভুজা দুর্গার পূজায় আশ্বিনের শুক্লা প্রতিপদ্ হইতে মহানবমী পর্য্যন্ত পূজা এবং ষষ্ঠীতে বোধন বিহিত হইয়াছে।

আবির্ভূতা হন এবং তখন দেবগণ তাঁহার পূজা করেন। দেবীর নিত্যাধিষ্ঠান কৈলাস এবং আবির্ভাবস্থান বিন্ধ্যাচল ও হিমালয়; এইজন্য দুর্গাপূজায় আবাহন কালে—

"আবাহয়াম্যহং দেবীং [illegible] [illegible] চ।
কৈলাসশিখরাদ্ দেবি বিন্ধ্যাদ্রের্হিমপর্ব্বতাৎ।
আগত্য বিল্বশাখায়াং চণ্ডিকে কুরু সন্নিধিম্॥"
[দুর্গাপূজাতত্ত্ব ৫৩ পৃঃ]

এই মন্ত্র দ্বারা কৈলাস, বিন্ধ্যাচল এবং হিমালয় হইতে দেবীকে আবাহন করা হয়। এই মন্ত্রের তাৎপর্য্য এই—কৈলাসশিখরে যে মূর্ত্তিতে নিত্য অবস্থান করেন, ঘোরাসুরবধকালে যে মূর্ত্তিতে বিন্ধ্যাচলে আবির্ভূতা হইয়াছিলেন, এবং মহিষাসুর নিধনকালে যে মূর্ত্তিতে হিমালয়ে কাত্যায়নের আশ্রমে আবির্ভূতা হইয়াছিলেন সেই দশভুজা মূর্ত্তিতে এই বিল্বশাখায় এবং মৃন্ময়ী মূর্ত্তিতে আবির্ভূতা হও।

ঠিক এই ঘটনাই সত্যযুগের প্রথমে হইয়াছিল। পরে ত্রেতাযুগে রামচন্দ্রের পূজার কালেও দশভুজারূপে অবতীর্ণা হইয়া রাবণবধ সম্পাদন করেন। রামচন্দ্র দুর্গাপূজার কথা মহাভাগবতে [৩৬—৪৮ অঃ], কালিকাপুরাণে [৬০ অঃ] এবং দেবীভাগবতে [৩য় স্কন্ধ ২৭—৩০ অঃ] দেখিতে পাওয়া যায়। তিন পুরাণে মতভেদ আছে। মতভেদ থাকিলেও শরৎকালেই যে দেবীর পূজা হইয়াছিল সেই বিষয়ে মতভেদ নাই।

মহাভাগবতের মতে—রামচন্দ্র কর্তৃক স্তুত হইয়া ব্রহ্মা লঙ্কার সমুদ্রতীরে এই পূজা করিয়াছিলেন। ব্রহ্মা বোধনবমীতে বোধন করিয়া সেইদিন হইতে প্রত্যহ দেবীর সাধারণ পূজা, ষষ্ঠীতে সায়ংকালে বিল্বশাখায় আমন্ত্রণ ও অধিবাস, সপ্তমীতে পূর্ব্বাহ্ণে পত্রিকাপ্রবেশ, সপ্তমী হইতে নবমী পর্য্যন্ত মৃন্ময়ী মূর্ত্তিতে দেবীর বিশেষ পূজা, অষ্টমীনবমীসন্ধিতে সন্ধিপূজা এবং দশমীতে পূর্ব্বাহ্ণে মৃন্ময় মূর্ত্তি বিসর্জ্জন করিয়াছিলেন। নবমী দিন রামচন্দ্র কর্তৃক রাবণ নিহত হয়। দশমী দিন বিজয়োৎসব সম্পাদিত হয়।

ব্রহ্মা যে সকল পূজা করিয়াছিলেন সেই সময়—কল্পারম্ভ হইতে অর্থাৎ সেই আশ্বিন মাসে আর্দ্রানক্ষত্রযুক্ত কৃষ্ণনবমীতে বোধন, জ্যেষ্ঠানক্ষত্রযুক্ত ষষ্ঠী-

...তে [illegible] শক্র [illegible] [২২।৬]

...পূজয়েৎ সর্ব্বকামার্থসিদ্ধিকা।" [২২।৩৩]

উক্ত করিয়া প্রতিপাদন করিয়াছেন—দেবীপুরাণোক্ত পূ...
হইতে নবমী পর্য্যন্ত পূজা এবং দশমীতে বিসর্জ্জন। ইহাতে...
ন দেবীর আবির্ভাব, নবমীতে ঘোরাসুর নিধন। এই ক...
পর্য্যন্ত পূজা বিহিত হইয়াছে। এই সময়েও যে অব...
র্ভূতা হইয়াছিলেন তাহা প্রমাণ—

...না [illegible]।
...[illegible] যত্র দেবীং [illegible]।
...[illegible] সর্ব্বাভরণভূষিতাম্॥" [দেবীপুরাণ ৩৯।১৯, ২০]

দ্বারা বুঝা যায়। কারণ—ইন্দ্রের প্রশ্নের উত্তরে ব্রহ্মা...
লিয়াছেন তাহাতেই দুর্গার কিরূপ মূর্ত্তি নির্ম্মাণ করিয়া পূ...
এই আকাঙ্ক্ষায় দশভুজা ত্রিনয়না মূর্ত্তি নির্ম্মাণের ব্যব...

...যা যাইতেছে—মহিষাসুর বধের জন্য দেবী দশভুজারূপে হিমাল...
...শ্রমে এবং ঘোরাসুর বধের জন্য বিন্ধ্যাচলে দশভুজারূপে অবতী...

ভদ্রোকষ্টম্যাং বিশেষেণ কর্ত্তব্যং পূজনং সদা।
নানাবিধোপহারৈশ্চ গন্ধমাল্যানুলেপনৈঃ॥
[দেবীভাগবত ৩।২৬—১০]

২০ পৃঃ] যুক্ত "শুক্লাষ্টম্যাং ভদ্রকালী" ইত্যাদি ব্রহ্মপুরাণ বচনেও মহাষ্টমী...
...এবং এই জন্য তাহাতে দেবীর বিশেষ পূজা উক্ত হইয়াছে। কালিক...
...ধ্যায়ে] দেখিতে পাওয়া যায়—আষাঢ়ের পূর্ণিমায় দক্ষ যজ্ঞ আরম্ভ করি...
কৃষ্ণানবমীতে অর্থাৎ বোধনবমীতে সতী দেহত্যাগ করিয়া ভদ্রকালীর...
...প্রকাশ করেন। আবার কালিকাপুরাণে অন্যত্র [৬০ তম অঃ ৫—১...
...। উগ্রচণ্ডার পূজায় কৃষ্ণানবমীতে বোধন করিয়া মহানবমী পর্য্যন্ত পূজা...
...লীর পূজায় কৃষ্ণাদি আশ্বিনের কৃষ্ণচতুর্দ্দশীতে বোধন করিয়া মহানবমী...
দশভুজা দুর্গার পূজায় আশ্বিনের শুক্লা প্রতিপদ্ হইতে মহানবমী পর্য্য...
...াধন বিহিত হইয়াছে।

আশ্বিনমাসে অবতীর্ণা হন এবং তখন দেবগণ তাঁহার পূজা করেন। দেবীর নিত্যনিবাসস্থান কৈলাস এবং আবির্ভাবস্থান বিন্ধ্যাচল ও হিমালয়; এইজন্য দুর্গাপূজার আবাহন কালে—

"আবাহয়াম্যহং দেবীং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ।
কৈলাসশিখরাদ্ দেবি বিন্ধ্যাদ্রের্হিমপর্বতাৎ॥
আগত্য বিল্বশাখায়াং চণ্ডিকে কুরু সন্নিধিম্॥"

[দুর্গাপূজাতত্ত্ব ৫০ পৃঃ]

এই মন্ত্রের দ্বারা কৈলাস, বিন্ধ্যাচল এবং হিমালয় হইতে দেবীকে আবাহন করা হয়। এই মন্ত্রের তাৎপর্য্য এই—কৈলাসশিখরে যে মূর্ত্তিতে নিত্য অবস্থান কর, ঘোরাসুরবধসময়ে যে মূর্ত্তিতে বিন্ধ্যাচলে আবির্ভূতা হইয়াছিলে, এবং মহিষাসুর নিধনকালে যে মূর্ত্তিতে হিমালয়ে কাত্যায়নের আশ্রমে আবির্ভূতা হইয়াছিলে সেই দশভুজা মূর্ত্তিতে এই বিল্বশাখায় এবং মৃন্ময়ী মূর্ত্তিতে আবির্ভূতা হও।

উক্ত দুই ঘটনাই সত্যযুগের প্রথমে হইয়াছিল। পরে ত্রেতাযুগে রামচন্দ্রের পূজায় ভগবতী দশভুজারূপে অবতীর্ণা হইয়া রাবণবধ সম্পাদন করেন। রামচন্দ্রের দুর্গাপূজার গল্প মহাভাগবতে [৩৬—৪৮ অঃ], কালিকাপুরাণে [৬০ অঃ] এবং দেবীভাগবতে [৩য় স্কন্ধ ২৭—৩০ অঃ] দেখিতে পাওয়া যায়। তিন পুরাণে মতভেদ আছে। মতভেদ থাকিলেও শরৎকালেই যে দেবীর পূজা হইয়াছিল সেই বিষয়ে মত বিরোধ নাই।

মহাভাগবতের মতে—রামচন্দ্র কর্ত্তৃক বৃত হইয়া ব্রহ্মা লঙ্কায় সমুদ্রতীরে এই পূজা করিয়াছিলেন। ব্রহ্মা বোধনবমীতে বোধন করিয়া সেইদিন হইতে শুক্লাষষ্ঠী পর্য্যন্ত দেবীর সাধারণ পূজা, ষষ্ঠীতে সায়ংকালে বিল্বশাখায় আমন্ত্রণ ও অধিবাস, সপ্তমীতে পূর্ব্বাহ্ণে পত্রিকাপ্রবেশ, সপ্তমী হইতে নবমী পর্য্যন্ত মৃন্ময়ী মূর্ত্তিতে দেবীর বিশেষ পূজা, অষ্টমীনবমীসন্ধিতে সন্ধিপূজা এবং দশমীতে পূর্ব্বাহ্ণে সমুদ্রজলে মৃন্ময়ী মূর্ত্তি বিসর্জ্জন করিয়াছিলেন। নবমী দিন রামচন্দ্র কর্ত্তৃক রাবণ নিহত হয়। দশমী দিন বিজয়োৎসব সম্পাদিত হয়।

ব্রহ্মা যে সময় পূজা করিয়াছিলেন সেই সময়ে—কন্যারাশিগত রবিতে অর্থাৎ সৌর আশ্বিন মাসে আর্দ্রানক্ষত্রযুক্ত কৃষ্ণানবমীতে বোধন, জ্যেষ্ঠানক্ষত্রযুক্ত শুক্লা-

ন্যাসংস্থে রবৌ শক্র শুক্লামারভ্য নন্দিকাম্।" [২২।৭]
হানবম্যাং পূজেয়ং সর্ব্বকামপ্রদায়িকা।" [২২।২৩]
দ্বয় উদ্ধৃত করিয়া প্রতিপাদন করিয়াছেন—দেবীপুরাণোক্ত পূ
ষষ্ঠী হইতে নবমী পর্য্যন্ত পূজা এবং দশমীতে বিসর্জ্জন। ইহাতে
ষ্ঠীদিন দেবীর আবির্ভাব, নবমীতে ঘোরাসুর নিধন। এই ষষ্ঠী
নবমী পর্য্যন্ত পূজা বিহিত হইয়াছে। এই সময়েও যে ভগবতী
আবির্ভূতা হইয়াছিলেন তাহা ব্রহ্মার—

বিধিনা শাস্ত্রদৃষ্টেন দশবাহু-ত্রিলোচনাম্॥
ারয়েদ্ ভক্তিমান্ যস্তু দেবীং শাস্ত্রবিশারদঃ।
র্ব্বলক্ষণসম্পূর্ণাং সর্ব্বাভরণভূষিতাম্॥" [দেবীপুরাণ ৩২।১৯, ২০]

ক্যর দ্বারা বুঝা যায়। কারণ—ইন্দ্রের প্রশ্নের উত্তরে ব্রহ্মা
। বলিয়াছেন তাহাতেই দুর্গার কিরূপ মূর্ত্তি নির্ম্মাণ করিয়া পূ
ইবে, এই আকাঙ্ক্ষায় দশভুজা ত্রিনয়না মূর্ত্তি নির্ম্মাণের ব্যব

দেখা যাইতেছে—মহিষাসুর বধের জন্য দেবী দশভুজারূপে হিমাল
আশ্রমে এবং ঘোরাসুর বধের জন্য বিন্ধ্যাচলে দশভুজারূপে অবতী

ততোঽষ্টম্যাং বিশেষেণ কর্ত্তব্যং পূজনং সদা।
নানাবিধোপহারৈশ্চ গন্ধমাল্যানুলেপনৈঃ।
[দেবীভাগবত ৩।২৭।৮—১০]

ত্ব [২০ পৃঃ] ধৃত "ভদ্রাষ্টম্যাং ভদ্রকালী" ইত্যাদি ব্রহ্মপুরাণ বচনের মহাষ্টমী
বির্ভাব এবং এই জন্য তাহাতে দেবীর বিশেষ পূজা উক্ত হইয়াছে। কালিক
তম অধ্যায়ে] দেখিতে পাওয়া যায়—আষাঢ়ের পূর্ণিমায় দক্ষ যজ্ঞ আরম্ভ করি
নের কৃষ্ণানবমীতে অর্থাৎ বোধনবমীতে সতী দেহত্যাগ করিয়া ভদ্রকালীর
যজ্ঞ ধ্বংস করেন। আবার কালিকাপুরাণে অন্যত্র [৬০ তম অঃ ৫—১
দশভুজা উগ্রচণ্ডার পূজায় কৃষ্ণানবমীতে বোধন করিয়া মহানবমী পর্য্যন্ত পূজ
ভদ্রকালীর পূজায় কৃষ্ণাদি আশ্বিনের কৃষ্ণাচতুর্দ্দশীতে বোধন করিয়া মহানবমী
এবং দশভুজা দুর্গার পূজায় আশ্বিনের শুক্লা প্রতিপদ্ হইতে মহানবমী পর্য্য
তে বোধন বিহিত হইয়াছে।

আশ্বিনমাসে অবতীর্ণা হন এবং তখন দেবতাগণ তাঁহার পূজা করেন। দেবীর নিত্যনিবাসস্থান কৈলাস এবং আবির্ভাবস্থান বিন্ধ্যাচল ও হিমালয়; এইজন্য দুর্গাপূজায় আবাহন কালে—

"আবাহয়াম্যহং দেবীং মৃন্ময়ে শ্রীফলেঽপি চ।
কৈলাসশিখরাদ্ দেবি বিন্ধ্যাদ্রের্হিমপর্ব্বতাৎ॥
আগত্য বিল্বশাখায়াং চণ্ডিকে কুরু সন্নিধিম্।"
[দুর্গাপূজাতত্ত্ব ৫৩ পৃঃ]

এই মন্ত্রের দ্বারা কৈলাস, বিন্ধ্যাচল এবং হিমালয় হইতে দেবীকে আবাহন করা হয়। এই মন্ত্রের তাৎপর্য্য এই—কৈলাসশিখরে যে মূর্ত্তিতে নিত্য অবস্থান কর, ঘোরাসুরবধসময়ে যে মূর্ত্তিতে বিন্ধ্যাচলে আবির্ভূতা হইয়াছিলে, এবং মহিষাসুর নিধনকালে যে মূর্ত্তিতে হিমালয়ে কাত্যায়নের আশ্রমে আবির্ভূতা হইয়াছিলে সেই দশভুজা মূর্ত্তিতে এই বিল্বশাখায় এবং মৃন্ময়ী মূর্ত্তিতে আবির্ভূতা হও।

উক্ত দুই ঘটনাই সত্যযুগের প্রথমে হইয়াছিল। পরে ত্রেতাযুগে রামচন্দ্রের পূজায় ভগবতী দশভুজারূপে অবতীর্ণা হইয়া রাবণবধ সম্পাদন করেন। রামচন্দ্রের দুর্গাপূজার গল্প মহাভাগবতে [৩৬—৪৮ অঃ], কালিকাপুরাণে [৬০ অঃ] এবং দেবীভাগবতে [৩য় স্কন্ধ ২৭—৩০ অঃ] দেখিতে পাওয়া যায়। তিন পুরাণে মতভেদ আছে। মতভেদ থাকিলেও শরৎকালেই যে দেবীর পূজা হইয়াছিল সেই বিষয়ে মত বিরোধ নাই।

মহাভাগবতের মতে—রামচন্দ্র কর্ত্তৃক বৃত হইয়া ব্রহ্মা লঙ্কায় সমুদ্রতীরে এই পূজা করিয়াছিলেন। ব্রহ্মা বোধনবমীতে বোধন করিয়া সেইদিন হইতে শুক্লাষষ্ঠী পর্য্যন্ত দেবীর সাধারণ পূজা, ষষ্ঠীতে সায়ংকালে বিল্বশাখায় আমন্ত্রণ ও অধিবাস, সপ্তমীতে পূর্ব্বাহ্ণে পত্রিকাপ্রবেশ, সপ্তমী হইতে নবমী পর্য্যন্ত মৃন্ময়ী মূর্ত্তিতে দেবীর বিশেষ পূজা, অষ্টমীনবমীসন্ধিতে সন্ধিপূজা এবং দশমীতে পূর্ব্বাহ্ণে সমুদ্রজলে মৃন্ময়ী মূর্ত্তি বিসর্জ্জন করিয়াছিলেন। নবমী দিন রামচন্দ্র কর্ত্তৃক রাবণ নিহত হয়। দশমী দিন বিজয়োৎসব সম্পাদিত হয়।

ব্রহ্মা যে সময় পূজা করিয়াছিলেন সেই সময়ে—কন্যারাশিগত রবিতে অর্থাৎ সৌর আশ্বিন মাসে আর্দ্রানক্ষত্রযুক্ত কৃষ্ণানবমীতে বোধন, জ্যোষ্ঠানক্ষত্রযুক্ত শুক্লা-

ষষ্ঠীতে আমন্ত্রণ, মূলানক্ষত্রযুক্ত সপ্তমীতে পত্রিকাপ্রবেশ, পূর্ব্বাষাঢ়াযুক্ত অষ্টমীতে মহাষ্টমীপূজা, উত্তরাষাঢ়াযুক্ত নবমীতে মহানবমীপূজা, এবং শ্রবণাযুক্ত দশমীতে বিসর্জন হইয়াছিল। এইজন্য তত্তৎ-নক্ষত্রযুক্ত তত্তৎতিথিতে শারদীয়া পূজার সেই সকল ক্রিয়া বিশেষ প্রশস্ত বলিয়া শাস্ত্রে নির্দ্দিষ্ট হইয়াছে। * দশমীতে রামচন্দ্র বিজয়োৎসব করিয়াছিলেন বলিয়া এই দিনে রাজাদিগের বলনীরাজনের ব্যবস্থা †। বর্ত্তমান সময়েও অনেক স্থানে জমিদারগণ নিজেদের পাইক পিয়াদা বরকন্দাজদিগকে এইদিনে সম্বর্দ্ধনা করিয়া থাকেন।

কালিকাপুরাণে [৬০ তম অঃ ২৬—৪৪ শ্লোকে] দেখিতে পাওয়া যায়—রামের প্রতি অনুগ্রহ ও রাবণবধের জন্য ব্রহ্মাই আশ্বিনের শুক্লা প্রতিপদ্ হইতে নবমী পর্য্যন্ত দেবীর পূজা ও দশমীতে বিসর্জন করিয়াছিলেন। নবমীতে রাবণ হত হইয়াছিল। দশমীতে বিজয়োৎসব। ব্রহ্মা কোন্ তিথিতে দেবীর বোধন করিয়াছিলেন তাহার উল্লেখ এইস্থলে নাই। কালিকাপুরাণে অন্যত্র [৬৫।১]

> "শরৎকালে পুরা যস্মাৎ নবম্যাং বোধিতা সুরৈঃ।
> শারদা সা সমাখ্যাতা পীঠে লোকে চ নামতঃ ॥"

এই বচনে দেখিতে পাওয়া যায়—দেবগণের সহিত ব্রহ্মা কৃষ্ণানবমীতেই বোধন করিয়াছিলেন। তাহা হইলে কালিকাপুরাণমতেও কৃষ্ণানবমীতে বোধন করিয়া শুক্লানবমী পর্য্যন্ত পক্ষব্যাপী পূজাই হইয়াছিল। [৬০ তম অঃ ২৬—৪৪ শ্লোকে] আশ্বিনের শুক্লা প্রতিপদ্ হইতে যে পূজার উল্লেখ আছে, তাহাতে বোধহয়—কৃষ্ণা নবমী হইতে অমাবস্যা পর্য্যন্ত পূজা করার পরে প্রতিপদে দেবী যুদ্ধস্থলে অবতীর্ণা হইয়া মহানবমীতে রাবণবধ পর্য্যন্ত তথায় ছিলেন, সেই সময়ে সাক্ষাৎভাবে দেবীর পূজা করা হইয়াছিল।

রামায়ণে রামচন্দ্র কর্ত্তৃক দুর্গাপূজার উল্লেখ নাই, রাবণের নিধন কালেরও উল্লেখ নাই। রামায়ণের [বঙ্গবাসীর মুদ্রিত পুস্তকে লঙ্কাকাণ্ডের ১১০ সর্গের ব্যাখ্যার শেষে] স্বকৃত তিলক নামক টীকায় প্রসিদ্ধ রামানুজস্বামী কালিকা-

---

* দুর্গাপূজাতত্ত্ব ১, ৩ ও ৪ পৃঃ দ্রষ্টব্য।

† দুর্গাপূজাতত্ত্ব ৪৪ পৃঃ দ্রষ্টব্য।

পুরাণের বচন * উদ্ধৃত করিয়া মহানবমীই রাবণবধের কাল বলিয়া নির্ণয় করিয়াছেন।

দেবীভাগবতের তৃতীয় স্কন্ধে নবরাত্রব্রত বিস্তৃতভাবে উক্ত হইয়াছে। প্রতিপদ হইতে নবমী পর্য্যন্ত নবরাত্রব্যাপী এই ব্রত প্রতিপালন করিতে হয় বলিয়া ইহার নাম নবরাত্রব্রত। এই নবরাত্রব্রতপ্রসঙ্গে [৩।২৭।৪৯—৫৩] উক্ত হইয়াছে,—রাজ্যভ্রষ্ট রামচন্দ্র কিষ্কিন্ধ্যায় অবস্থানকালীন নবরাত্রব্রত করিয়াই রাবণবধপূর্ব্বক সীতার উদ্ধার এবং রাজ্যলাভ করিয়াছিলেন। পরে জনমেজয়ের প্রশ্নে ব্যাসদেব [৩।২৮—৩০ অঃ] রামায়ণ বর্ণনা করিয়াছেন। তাহাতে [৩০ অঃ] বলিয়াছেন—রামচন্দ্র কিষ্কিন্ধ্যায় অবস্থানকালীন নারদের উপদেশে নবরাত্রব্রত পালনপূর্ব্বক দুর্গার পূজা করিয়া পরে সমুদ্রলঙ্ঘনপূর্ব্বক লঙ্কায় প্রবেশ করিয়াছিলেন। এই পূজায় নারদ আচার্য্যকর্ম্ম করিয়াছিলেন।

তিনপুরাণে মতভেদ থাকিলেও শরৎকালে পূজাসম্বন্ধে মতভেদ নাই। কল্প-

---

* "রামস্যানুগ্রহার্থায় রাবণস্য বধায় চ।
রাত্রাবেব মহাদেবী ব্রহ্মণা বোধিতা পুরা ॥
ততস্তু ত্যক্তনিদ্রা সা নন্দায়ামাশ্বিনে সিতে।
জগাম নগরীং লঙ্কাং যত্রাসীদ্ রাঘবঃ পুরা ॥
তত্র গত্বা মহাদেবী তদা তৌ রাম-রাবণৌ।
যুদ্ধে নিয়োজয়ামাস স্বয়মন্তর্হিতাম্বিকা ॥
রক্ষসাং বানরাণাঞ্চ কৃত্বা সা মাংস-শোণিতে।
রাম-রাবণয়োর্যুদ্ধং সপ্তাহং সা ত্বযোজয়ৎ ॥
ব্যতীতে সপ্তমে রাত্রৌ নবম্যাং রাবণং ততঃ।
রামেণ ঘাতয়ামাস মহামায়া জগন্ময়ী ॥
যাবত্তয়োঃ স্বয়ং দেবী যুদ্ধকেলিমুদৈক্ষত।
তাবত্ত্ সপ্তরাত্রাণি সৈব দেবৈঃ সুপূজিতা ॥
নিহতে রাবণে বীরে নবম্যাং সকলৈঃ সুরৈঃ।
বিশেষ পূজাং দুর্গায়াশ্চক্রে লোকপিতামহঃ ॥
ততঃ সম্প্রেষিতা দেবী দশম্যাং শাবরোৎসবৈঃ।
শক্রোঽপি দেবসেনায়া নীরাজনমথাকরোৎ ॥
শান্ত্যর্থং সুরসৈন্যানাং দেবরাজস্তু বৃদ্ধয়ে ॥"

[কালিকাপুরাণ ৬০ । ২৭—৩৩]

ক্ষেত্রে এই মতভেদের সমন্বয় করিতে হয়। বর্ত্তমান সময়ে বঙ্গদেশে যে আকারে দুর্গাপূজা হয়, মহাভাগবতোক্ত রামচন্দ্রের দুর্গাপূজার সহিত তাহার সম্পূর্ণ সাদৃশ্য আছে।

বৈশ্য সমাধি এবং রাজা সুরথও শরৎকালেই পূজা করিয়াছিলেন। মার্কণ্ডেয় পুরাণান্তর্গত চণ্ডীতে সুরথ রাজা ও সমাধিনামক বৈশ্যের মৃন্ময়ী প্রতিমা গড়িয়া পূজা করার উল্লেখ আছে; * কিন্তু কোন্ সময়ে কি ভাবে পূজা করিয়াছিলেন, তাহার উল্লেখ নাই। ব্রহ্মবৈবর্ত্তপুরাণ প্রকৃতি খণ্ডের ৬৪ তম ও ৬৫ তম অধ্যায়ে সুরথের পূজার বিবরণ বিস্তৃতভাবে লিখিত হইয়াছে। তাহাতে দেখা যায়—মেধস ঋষির উপদেশে সুরথ শরৎকালে কৃষ্ণপক্ষীয় নবমীতে বোধন করিয়া মহানবমী পর্য্যন্ত এক পক্ষকাল মৃন্ময়ী প্রতিমায় পূজা করিয়াছিলেন †। সুরথের পূজার এই ক্রমকে বেদোক্ত ক্রম বলা হইয়াছে ‡।

বাচস্পতি মিশ্র কৃত্যচিন্তামণিতে ব্রহ্মবৈবর্ত্তপুরাণের যে বচন উদ্ধৃত করিয়াছেন, তাহাতে দেখিতে পাওয়া যায়—সুরথ ও রামচন্দ্র চৈত্রমাসে বাসন্তী দুর্গাপূজা

---

* "তৌ তস্মিন্ পুলিনে দেব্যাঃ কৃত্বা মূর্ত্তিং মহীময়ীম্।
অর্হণাঞ্চক্রতুস্তস্যাঃ পুষ্পধূপাগ্নিতর্পণৈঃ ॥" [মার্কণ্ডেয় পুরাণ ৯৩।৭]

† সুরথের উক্তি—

"সুরথ মম পূজাঞ্চ শারদীয়াং সুরেশ্বরি।
[ব্রহ্মবৈবর্ত্তপুরাণ, প্রকৃতিখণ্ড ৬৪।৩৪]

"নবম্যাং বোধনং কৃত্বা পক্ষং সম্পূজ্য মানবঃ।
অষ্টমেব জলং লব্ধা দশম্যাঞ্চ বিসর্জ্জয়েৎ। [৬৪।৭]

"যাত্রা দেবীঞ্চ মৃন্ময়ীং চকারাবাহনং তথা ॥" [৬৪।৩]

‡ "রাজা যেন ক্রমেণৈব ক্ষেত্রে চাং প্রকৃতিং পরাম্।
তং ক্রমং মহাভাগ বেদোক্তং ক্রমমেব চ ॥"
[ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ, প্রকৃতিখণ্ড ৬৪।১]

করিয়াছিলেন। * সুরথ তিন বৎসর পর্য্যন্ত দেবীর আরাধনা করিয়াছিলেন। † এই অবস্থায় তাঁহার পক্ষে শরৎ ও বসন্ত উভয় সময়েই পূজা করা সঙ্গত। রামচন্দ্রের শারদীয়া পূজা ব্রহ্মা করিলেন, সম্ভবতঃ বাসন্তীপূজা রামচন্দ্র স্বয়ং করিয়াছিলেন। রামচন্দ্র শারদীয়া পূজা করিয়া পরে যে আবার বাসন্তী পূজা করিয়াছিলেন, দেবীভাগবতে তাহার ইঙ্গিত পাওয়া যায়।

কালিকাপুরাণ ৬১ তম অধ্যায়ে দেখিতে পাওয়া যায়—শুম্ভ নিশুম্ভ বধ সময়ে হিমালয়ে মাতঙ্গের আশ্রমে ভগবতীর শরীর-কোষ হইতে যে কৌশিকী-মূর্ত্তির আবির্ভাব হইয়াছিল, তিনিও সিংহবাহিনী দশভুজা। কৌশিকী কোন সময়ে আবির্ভূতা হইয়াছিলেন, তাহার উল্লেখ নাই।

এই সকল প্রমাণের দ্বারা শরৎকালই দশভুজা দুর্গার আবির্ভাব কাল প্রতিপাদিত হইল। আবির্ভাবকাল বলিয়াই শরৎকালে পূজা বিশেষ প্রশস্ত। সুরথ ও সমাধি এই সময়ে পূজা করিয়া ফল লাভ করিয়াছিলেন। রামচন্দ্র শরৎকালে পূজা করিয়াই রাবণবধ ও সীতার উদ্ধার করিতে পারিয়াছিলেন। এইজন্য রামচন্দ্রের দুর্গাপূজাকে আদর্শ করিয়াই বর্ত্তমান কালেও শারদীয়া দুর্গাপূজা চলিয়া আসিতেছে। এইজন্যই অকাল হইলেও শারদীয়া দুর্গাপূজার প্রাধান্য হইয়াছে এবং উপযুক্ত কাল হইলেও বাসন্তী দুর্গাপূজা প্রাধান্য লাভ করিতে পারে নাই।

শরৎ ও বসন্তকালে দেবীপূজাসম্বন্ধে দেবীভাগবতে [৩.২৬।৩—৭] উক্ত হইয়াছে—

---

* "পূজিতা সুরথেনাদৌ দুর্গা দুর্গতিনাশিনী।
মধুমাসসিতাষ্টম্যাং নবম্যাং বিধিপূর্ব্বকম্ ॥
তৎপশ্চাদ্ রামচন্দ্রেণ রাবণস্য বধার্থিনা।
তৎপশ্চাৎ ত্রিষু লোকেষু দেবতামুনিমানবৈঃ ॥"
[কৃত্যচিন্তামণিধৃত ব্রহ্মবৈবর্ত্তপুরাণ]

† "এবং সমারাধয়তো স্ত্রিভির্ব্বর্ষৈর্যতাত্মনোঃ।
পরিতুষ্টা জগদ্ধাত্রী প্রত্যক্ষং প্রাহচণ্ডিকা ॥"
[মার্কণ্ডেয় পুরাণ ৯৩।৯]

"শৃণু রাজন্ প্রবক্ষ্যামি নবরাত্রব্রতং শুভম্।
শরৎকালে বিশেষেণ কর্ত্তব্যং বিধিপূর্ব্বকম্॥
বসন্তে চ প্রকর্ত্তব্যং তথৈব প্রেমপূর্ব্বকম্।
দ্বাবৃতূ যমদংষ্ট্রাখ্যৌ নূনং সর্ব্বজনেষু বৈ॥
শরদ্-বসন্তনামানৌ দুর্গমৌ প্রাণিনামিহ।
তস্মাৎ যত্নাদিদং কার্য্যং সর্ব্বত্র শুভমিচ্ছতা॥
দ্বাবেব সুমহাঘোরাবৃতূ রোগকরৌ নৃণাম্।
বসন্ত-শরদা বেব জননাশকরাবুভৌ॥
তস্মাৎ তত্র প্রকর্ত্তব্যং চণ্ডিকাপূজনং বুধৈঃ।
চৈত্রেহশ্বিনে শুভে মাসে ভক্তিপূর্ব্বং নরাধিপ॥"

শরৎ ও বসন্ত এই দুইটি ঋতুর নাম যমদংষ্ট্রা। এই দুই ঋতুতে ভীষণ রোগসমূহের আবির্ভাব হয়, লোকসকল যমসদনে গমন করে। এইজন্য এই দুই ঋতুতে দুর্গার পূজা করা কর্ত্তব্য। দুর্গতিনাশ করেন বলিয়াই তাঁহার নাম দুর্গা *। জগদম্বা দুর্গারূপে দুষ্টের নাশ পূর্ব্বক শিষ্টের প্রতিপালন করেন। এই জন্য এই দুই ঋতুতে মারীভয় হইতে রক্ষা পাইবার জন্য দুর্গতিহারিণী দুর্গা মূর্ত্তি-রূপে আবির্ভূতা জগদম্বার পূজা করিবে।

দুর্গা যুদ্ধের অধিষ্ঠাত্রী দেবতা।

উল্লিখিত বিবরণ গুলিতে দেখিতে পাওয়া যায় দুষ্টদমনের জন্য যুদ্ধব্যাপারেই দশভুজা দুর্গামূর্ত্তির আবির্ভাব হইয়াছে। এইজন্য দশভুজা দুর্গা যুদ্ধের অধিষ্ঠাত্রী দেবতা বলিয়া শাস্ত্রে কথিত হইয়াছেন। এই বিষয়ে মহামতি ভাস্কর রায় চণ্ডীর গুপ্তবতী নামক টীকায়—

"একৈব শক্তিঃ পরমেশ্বরস্য
ভিন্না চতুর্দ্ধা বিনিয়োগ কালে।
ভোগে ভবানী পুরুষেষু বিষ্ণুঃ
কোপেষু কালী সমরেষু দুর্গা॥"

* "সৈব দুর্গতিনাশত্বাৎ নিত্যাবহতি দুর্গতিম্।
তস্মাৎ সা প্রোচ্যতে লোকে দুর্গা দুর্গতিনাশিনী॥"
[মহাভাগবত ৩৩,৪০]

এই বচনটি উদ্ধৃত করিয়াছেন। আবার তিনি স্বরচিত সৌভাগ্যভাস্করে [ললিতা সহস্রনাম ভাষ্য, নির্ণয়সাগর প্রেসে মুদ্রিত পুস্তক ১৭৮ পৃঃ] বলিয়াছেন—" তত্রৈব [ব্রহ্মাণ্ডপুরাণে] বীরভদ্রং প্রতি বিষ্ণুবচনম্—

আদ্যাশক্তির্মহেশস্য চতুর্দ্ধা ভিন্নবিগ্রহা।
ভোগে ভবানীরূপা সা দুর্গারূপা চ সংহারে॥
কোপে চ কালিকারূপা পুংরূপা চ মদাত্মিকা।"

ইহার অর্থ এই—পরমেশ্বরের একমাত্র শক্তিই বিনিয়োগকালে চারিভাগে বিভক্ত হইয়াছেন। যথা—ভবানী ভোগের অধিষ্ঠাত্রী, বিষ্ণু পুরুষ অর্থাৎ বিক্রমের অধিষ্ঠাতা, কালী ক্রোধের অধিষ্ঠাত্রী, এবং দুর্গা যুদ্ধের অধিষ্ঠাত্রী দেবতা।

তন্ত্রসার ধৃত [কুলচূড়ামণিতন্ত্রোক্ত] মহিষমর্দ্দিনীর স্তবেও প্রধানতঃ ভগবতীর যুদ্ধাধিষ্ঠাতৃরূপেরই বর্ণনা দেখিতে পাওয়া যায়। তাহাতে অন্য ফল লাভের বর্ণনাও আছে। স্তবের ফলবর্ণনায় উক্ত হইয়াছে—

"এবং যে তব দেবি মূর্ত্তিমনঘাং ধ্যায়ন্তি দুর্গাদিভিঃ
শক্ত্যাদ্যৈরভিপূজিতাং পরপুরক্ষোভাদিকং কুর্ব্বতে।
রাজ্যং শত্রুজয়ং সমর্থধিষণা কাব্যামৃতাদর্শন-
স্তম্ভোচ্চাটনমারণাদি কৃতিনাং তেষাং স্বয়ং জায়তে॥"

ইহাতে দেখা যায়—রাজ্যলাভ, শত্রুজয়, শত্রুর প্রতি প্রযোজ্য পরপুরক্ষোভ, স্তম্ভন, উচ্চাটন, মারণ প্রভৃতিই মুখ্যরূপে উক্ত হইয়াছে। শারদীয়া পূজাতেও পিষ্টকাদির দ্বারা শত্রুর প্রতিকৃতি গড়িয়া তাহা বলিদিবার ব্যবস্থা বর্ত্তমান সময়েও কোন কোন স্থানে প্রচলিত আছে।

মহাভারতের ভীষ্মপর্ব্বে ২৩শ অধ্যায়ে দেখিতে পাওয়া যায়—কুরুক্ষেত্র যুদ্ধে উভয় পক্ষের সৈন্য যুদ্ধার্থ প্রস্তুত হইলে ভগবান্ অর্জ্জুনকে বলিয়াছিলেন—

"শুচির্ভূত্বা মহাবাহো সংগ্রামাভিমুখে স্থিতঃ।
পরাজয়ায় শত্রূণাং দুর্গাস্তোত্রমুদীরয়॥"

তুমি শুচি এবং যুদ্ধভূমির দিকে অভিমুখ হইয়া শত্রুপরাজয়ের জন্য দুর্গাস্তোত্র পাঠ কর। পরে অর্জ্জুনের স্তবে ভগবতী সন্তুষ্ট হইয়া শত্রুজয় বর প্রদান

করিয়াছিলেন। এই স্থলেও দেখা যায় দুর্গা যুদ্ধের অধিষ্ঠাত্রী দেবতা বলিয়াই কৃষ্ণ অর্জ্জুনকে যুদ্ধের পূর্ব্বে দুর্গাস্তোত্র পাঠ করিতে বলিয়াছিলেন। *

দুর্গা যুদ্ধের অধিষ্ঠাত্রী দেবতা বলিয়াই মহানবমী পর্য্যন্ত তাঁহার পূজা করার পরে বিজয়াদশমীতে রাজগণের জৈত্রযাত্রা ও বলনীরাজন অর্থাৎ সৈন্য সম্বর্দ্ধনার ব্যবস্থা। †

দুর্গা যুদ্ধের অধিষ্ঠাত্রী হইলেও ভক্তের অভিলষিত সমস্ত ফলই দান করিয়া থাকেন। ‡ এই বিষয়ে রাজা সুরথ ও বৈশ্য সমাধির গল্পেই দেখা যায়—সংসার বিরক্ত মুমুক্ষু সমাধি তাঁহার আরাধনায় মুক্তি এবং সকাম সুরথ ইহ জন্মে নিষ্কণ্টক রাজ্য ও পরজন্মে মন্বন্তরাধিপতিত্ব লাভ করিয়াছিলেন।

ভাগবতেও [১০ম স্কন্ধ ২২শ অঃ] দেখিতে পাওয়া যায়—ব্রজকুমারীগণ

---

* ভীষ্মপর্ব্বের ২৫শ অধ্যায় হইতে গীতা আরম্ভ হইয়াছে, ২৩শ অধ্যায়ে দুর্গাস্তোত্র কথিত হইয়াছে।

† তিথিতত্ত্বের অন্তর্গত দুর্গোৎসবতত্ত্বে—"বিজয়াদশমী মধিকৃত্য—

দশম্যাং যঃ সমুল্লঙ্ঘ্য প্রস্থানং কুরুতে নৃপ।
তস্য সংবৎসরং রাজ্যে ন ক্বাপি বিজয়ো ভবেৎ॥

অশক্তৌ খড়্গাদি যাত্রামাহ রাজমার্ত্তণ্ডঃ—

কার্য্যবশাৎ স্বয়মগমে ভূভর্ত্তুঃ কেচিদাহুরাচার্য্যাঃ।
ছত্রায়ুধাস্ত্রমিষ্টং বৈজয়িকং নির্গমে কুর্য্যাৎ॥"

রাজগণের শত্রুজয়ের জন্য যে যাত্রা তাহার নাম জৈত্রযাত্রা। যুদ্ধ বর্তমান না থাকিলেও সংবৎসরের জন্য বিজয়া দশমীতে যাত্রা করিয়া থাকিতে হয়। বর্তমান সময়েও দেখিতে পাওয়া যায়—কোথাও যাইবার প্রয়োজন বর্তমান না থাকিলেও অনেকে সংবৎসরের জন্য এই দিনে যাত্রা করিয়া থাকেন।

‡ "মন্দভাগ্যোঽপি সংস্তুত্য তস্যা নাম পরাৎপরম্।
সৌভাগ্যং সমবাপ্নোতি তস্মাৎ সা পরমেশ্বরী॥
মন্দভাগ্যা পরিত্রাত্রী প্রোচ্যতে বেদবেদিভিঃ।
সৈব দেবী পরা বিদ্যা লোকানাং রঘুনন্দন॥
চতুর্ব্বর্গপ্রদা সর্ব্ববিপৎক্ষয়কারিণী॥"

[মহাভাগবত ৪৬।৪৪—৪৭]

অগ্রহায়ণ মাসে ব্রতপালনপূর্ব্বক মৃন্ময়ী কাত্যায়নী পূজা করিয়া কৃষ্ণকে লাভ করিয়াছিলেন *। তাঁহারা কাত্যায়নীর পূজায় এই—

"কাত্যায়নি মহামায়ে মহাযোগিন্যধীশ্বরি।
নন্দগোপসুতং দেবি পতিং মে কুরুতে নমঃ॥"

[ভাগবত ১০।২২।৪]

মন্ত্র পাঠ করিয়াছিলেন। কাত্যায়নের আশ্রমে আবির্ভূতা দশভুজা দুর্গা-মূর্ত্তিই কাত্যায়নী। অতএব ব্রজবালাগণও মৃন্ময়ী দশভুজা দুর্গাপূজা করিয়াই অভিলষিত কৃষ্ণকে লাভ করিয়াছিলেন। বর্ত্তমান সময়েও যাঁহারা অগ্রহায়ণ মাসে কাত্যায়নী ব্রত করেন তাঁহারা মৃন্ময়ী দশভুজা দুর্গামূর্ত্তিরই এক মাস পর্য্যন্ত পূজা করিয়া থাকেন।

দুর্গা নারায়ণী।

"সর্ব্বমঙ্গলমঙ্গল্যে শিবে সর্ব্বার্থ সাধিকে।
শরণ্যে ত্র্যম্বকে গৌরী নারায়ণি নমোঽস্তুতে॥"

দুর্গার এই প্রণাম মন্ত্রে "নারায়ণি" পদ আছে। নারায়ণের শক্তিই নারায়ণী। ইনি শিবের শক্তি, তবে ইঁহার নাম নারায়ণী হইল কেন? এই

---

* "হেমন্তে প্রথমে মাসি নন্দব্রজকুমারিকাঃ।
চেরুর্হবিষ্যং ভুঞ্জানাঃ কাত্যায়ন্যর্চ্চনব্রতম্॥
আপ্লুত্যাম্ভসি কালিন্দ্যা জলান্তে চোদিতেঽরুণে।
কৃত্বা প্রতিকৃতিং দেবী মানর্চ্চুর্নৃপ সৈকতীম্॥
গন্ধৈর্মাল্যৈঃ সুরভিভির্ব্বলিভির্ধূপদীপকৈঃ।
উচ্চাবচৈশ্চোপহারৈঃ প্রবালফলতণ্ডুলৈঃ॥
কাত্যায়নি মহামায়ে মহাযোগিন্যধীশ্বরি।
নন্দগোপসুতং দেবি পতিং মে কুরুতে নমঃ॥
ইতি মন্ত্রং জপন্ত্যস্তাঃ পূজাং চক্রুঃ কুমারিকাঃ।
এবং মাসং ব্রতং চেরুঃ কুমার্য্যঃ কৃষ্ণচেতসঃ।
ভদ্রকালীং সমানর্চ্চু র্ভূয়ান্নন্দসুতঃ পতিঃ॥"

[শ্রীমদ্ভাগবত ১০।২২।১—৫]

এই একটী প্রশ্ন উত্থাপিত হয়। এই বিষয়ে মহামতি ভাস্কর রায় সৌভাগ্যভাস্করে [৮২ পৃঃ] "পদ্মনাভসহোদরী" এই নামের ব্যাখ্যায় বলিয়াছেন—

"পদ্মনাভস্য বিষ্ণোঃ সহোদরী একোদরভবা ভগিনী। একমেব ব্রহ্ম ধর্ম্মধর্ম্মীতি রূপদ্বয়ং প্রাপৎ। তত্র ধর্ম্মঃ পুমান্ স্ত্রীতি দ্বিধাভবৎ। তত্র পুমান্ বিষ্ণুঃ স্ত্রী তু পরশিবমহিষীভাবং প্রাপৎ। এতৎ ত্রয়মপি মিলিত্বৈকমহত্তত্ত্বমিতি শৈবমতরহস্যং কূর্ম্মপুরাণাদিষু প্রসিদ্ধম্। রত্নত্রয় পরীক্ষায়াং দীক্ষিতৈঃ [অপ্পয়দীক্ষিতৈঃ] বিস্তরেণ নিরূপিতম্।"

তিনি আবার "নারায়ণী" নামের ব্যাখ্যায় [৮৭ পৃঃ] পূর্ব্বে অন্যরূপ ব্যাখ্যা করিয়া পরে বলিয়াছেন—

"বস্তুতস্তু 'পুংযোগাদাখ্যায়াম্' ইতি সূত্রে পুংযোগপদেন ন বধূ-বর ভাব এব বিবক্ষিতঃ। পিতৃপুত্রীভাবরূপসম্বন্ধস্যাপি তত্রোদাহরণদর্শনাৎ। তেনেহ ভ্রাতৃভগিনীভাবরূপে পুংযোগে ঙীপ্। নারায়ণভগিনীত্যার্থঃ। অতএব 'নারায়ণী সহচরায় নমঃ শিবায়' ইত্যাদৈবমেব ব্যাচক্ষতে। নারায়ণস্য গৌর্য্যা সহাভেদাদপি নারায়ণী। তদুক্তং কূর্ম্মপুরাণে শুলিশিবেন—

'অহং নারায়ণী গৌরী জগন্মাতা সনাতনী।
বিভজ্য সংস্থিতোদেবঃ স্বাত্মানং পরমেশ্বরঃ॥
ন মে বিষ্ণুঃ পরং তত্ত্বং দেবাস্তা ন মহর্ষয়ঃ।
একোঽহং বেদ বিশ্বাত্মা ভবানী বিষ্ণুরেব চ॥"

ইহার তাৎপর্য্য এই—পরং ব্রহ্ম প্রথমতঃ ধর্ম্ম ও ধর্ম্মী এই দুই ভাগে বিভক্ত হন। পরং ব্রহ্ম বা পরমশিব হইতে প্রথম যে শক্তির স্ফুরণ হয় তাহাই ধর্ম্ম; এই ধর্ম্ম পুরুষ ও স্ত্রী এই দুইভাগে বিভক্ত হয়, পুরুষভাগ বিষ্ণু এবং স্ত্রীভাগ আদ্যাশক্তি; এই আদ্যাশক্তি শিবের মহিষী। এক পরং ব্রহ্ম হইতে বিষ্ণু ও আদ্যাশক্তি উভয়ের আবির্ভাব বলিয়া আদ্যাশক্তি বিষ্ণু বা নারায়ণের ভগিনী, এইজন্য তাঁহার নাম নারায়ণী। অথবা নারায়ণের সহিত আদ্যাশক্তি অভিন্ন বলিয়া তাঁহার নাম নারায়ণী। দুর্গা আদ্যাশক্তির বিভূতিমূর্ত্তি এই জন্য তাঁহার নামও নারায়ণী।

দুর্গা বৈদিক দেবতা।

আধুনিক পরং শিক্ষ বেদজ্ঞ পণ্ডিতদিগের মধ্যে অনেকে বলেন দুর্গা বৈদিক

দেবতা নহেন, বেদে দুর্গার উল্লেখ নাই। দুর্গা পরবর্ত্তী কল্পিত দেবতা। আবার কেহ বলেন দুর্গা অনার্য্যদিগের দেবতা, বাঙ্গালী হিন্দু অনার্য্যদিগের নিকট হইতে দুর্গোৎসব গ্রহণ করিয়াছে, বিজয়াদশমীতে শাবরোৎসব তাহার প্রমাণ।

ঋগ্বেদে দেবীসূক্ত ও রাত্রিসূক্ত নামক দুইটি সূক্ত আছে। ভগবতী স্বয়ং অম্ভৃণ ঋষির বাক্‌নাম্নী কন্যারূপে জন্মগ্রহণ করিয়া স্বয়ং দেবীসূক্ত বলিয়াছেন। তথা কথিত আধুনিক বেদজ্ঞগণ বলেন বাক্‌নাম্নী কন্যাই এই সূক্তটি রচনা করিয়াছেন। প্রাচীন বেদজ্ঞগণ বলেন—বেদ নিত্য, কাহারও রচিত নহে, বেদের গল্প গুলি অর্থবাদ মাত্র। দেবীসূক্ত দুর্গারই সূক্ত বলিয়া প্রাচীন আচার্য্যগণ স্বীকার করিয়া গিয়াছেন। এই জন্যই সুরথ ও বৈশ্য দুর্গার আরাধনাকালে দেবীসূক্ত জপ করিয়াছিলেন *। বর্ত্তমান সময়েও দুর্গোৎসবে দেবীসূক্ত পাঠ প্রচলিত আছে।

রাত্রিসূক্তে দুর্গারই স্তব করা হইয়াছে। রাত্রিসূক্তের—

"স্তোষ্যামি প্রযতো দেবীং শরণ্যাং বহ্বৃচপ্রিয়াম্।
সহস্রসম্মিতাং দুর্গাং জাতবেদসে সুনবাম সোমম্॥" ৫

"তামগ্নিবর্ণাং তপসা জ্বলন্তীং
বৈরোচনীং কর্ম্মফলেষু জুষ্টাম্।
দুর্গাং দেবীং শরণমহং প্রপদ্যে
সুতরসি তরসে নমঃ॥" ১২

এই দুইটি মন্ত্রে স্পষ্টভাবেই দুর্গার উল্লেখ আছে। আধুনিক বেদজ্ঞগণ বলেন রাত্রিসূক্ত আধুনিক, পরে ঋগ্বেদে প্রক্ষিপ্ত হইয়াছে। প্রাচীন আচার্য্যগণের নিকট দেবীসূক্ত ও রাত্রিসূক্ত ঋগ্বেদের শাকল্য সংহিতার অন্তর্গত বলিয়া প্রসিদ্ধ ছিল। মহামতি ভাস্কর রায় চণ্ডীর গুপ্তবতী টীকায় উপোদ্‌ঘাতে বলিয়াছেন— "রাত্রিসূক্তে—দেবীসূক্তে ঋগ্বেদে শাকল্য সংহিতায়াং প্রসিদ্ধে" †। "ঋগ্বিধান ব্রাহ্মণ" নামক গ্রন্থে [৪।১৯] রাত্রিসূক্ত পাঠের নিয়ম বিহিত হইয়াছে।

---

* "স চ বৈশ্যস্তপস্তেপে দেবীসূক্তং পরং জপন্।

[মার্কণ্ডেয় পুরাণ ৯৩।৭]

† বর্ত্তমান সময় যাহা ঋগ্বেদসংহিতা বলিয়া প্রসিদ্ধ তাহাই শাকল্যসংহিতা।

"বৃহদ্দেবতা" ঋগ্বেদের দেবতানির্দেশক একখানি অতি প্রামাণিক গ্রন্থ ; তাহাতেও দুর্গার উল্লেখ আছে।

মরীচিকল্পে দুর্গাসপ্তশতীর [চণ্ডীর] পুরশ্চরণ প্রয়োগে দেবীসূক্ত ও রাত্রিসূক্তের দ্বারা হোমের ব্যবস্থা দেখিতে পাওয়া যায়। যথা—

"এবং দেবি ময়া প্রোক্তঃ পৌরশ্চরণিকঃ ক্রমঃ।
তদন্তে হবনং কুর্য্যাৎ প্রতিশ্লোকেন পায়সম্॥
রাত্রিসূক্তং প্রতি ঋচং তথা দেব্যাশ্চ সূক্তকম্।
হুতান্তে প্রজপেৎ স্তোত্রমাদৌ পূজাদিকং মুনে॥"

[গুপ্তবতী টীকা উপোদ্ঘাত প্রকরণে মরীচি কল্প]

দেবীসূক্ত এবং রাত্রিসূক্ত মূল ঋক্ এবং দুর্গাপ্রতিপাদক বলিয়াই মরীচি কল্পে এইরূপ ব্যবস্থা বিহিত হইয়াছে।

রাত্রিসূক্তে "জাতবেদসে সুনবাম" ইত্যাদি ঋক্ মন্ত্রটি দুর্গার ঋক্ মন্ত্র বলিয়া প্রতিপাদিত হইয়াছে। বিষ্ণু-স্মৃতিতে [বিষ্ণুসংহিতায়] পাপনাশক জপ ও হোমের মন্ত্রপ্রকরণে "দুর্গাসাবিত্রী" [৫৬।৯] এই একটি সূত্র আছে, ইহার টীকায় নন্দন বলিয়াছেন—"জাতবেদসে সুনবাম সোমমিত্যেষা ঋক্" অর্থাৎ "জাতবেদসে" ইত্যাদি ঋক্ মন্ত্রটিই দুর্গাসাবিত্রী ; এই মন্ত্রে জপ ও হোম করিলে পাপ হইতে নিষ্কৃতি লাভ করা যায় *। বর্ত্তমান সময় পর্য্যন্তও এই ঋক্ মন্ত্রটি

* দুর্গার পাপনাশকতা সম্বন্ধে সৌভাগ্যভাস্করে (৬৪ পৃঃ) এই বচনগুলি দেখিতে পাওয়া যায়—

পাদ্মে পুষ্করখণ্ডে—

"মেরুপর্ব্বত মাত্রোঽপি রাশিঃ পাপস্য কর্ম্মণঃ।
কাত্যায়নীং সমাসাদ্য নশ্যতি ক্ষণমাত্রতঃ॥
দুর্গার্চ্চনরতো নিত্যং মহাপাতকসম্ভবৈঃ।
দোষৈর্ন লিপ্যতে বীর পদ্মপত্রমিবাম্ভসা॥"

দেবীভাগবতে—

"হিত্বা ক্রিয়া চ কৃতানি হত্বা সর্ব্বমিদং জগৎ।
প্রণম্য শিরসা দেবীং ন স পাপৈর্বিলিপ্যতে॥
সর্ব্বাবস্থাগতো বাপি যুক্তো বা সর্ব্বপাতকৈঃ।
দুর্গাং দৃষ্ট্বা নরঃ পূতঃ প্রয়াতি পরমং পদম্॥"

দুর্গাসাবিত্রী বলিয়া ক্রিয়াকাণ্ডবিৎ বেদপারগ পণ্ডিত সমাজে প্রসিদ্ধ আছে, এবং বঙ্গদেশেও এখনও অনেকের বাড়ীতে দুর্গোৎসবের সময়ে এই ঋক্ মন্ত্রের দ্বারা জপ ও হোম হইয়া থাকে। এই ঋক্ মন্ত্রটি ঋগ্বেদসংহিতা [১।৯৯।১], তৈত্তিরীয় আরণ্যক [১০।১ ১৬], ঐতরেয় আরণ্যক [১।৫।৩।১৩] এবং ঐতরেয় ব্রাহ্মণে [৪।১৩।১২], দেখিতে পাওয়া যায়।

কৃষ্ণযজুর্ব্বেদীয় তৈত্তিরীয় আরণ্যকের ১০ম প্রপাঠকের ১ম অনুবাকের ব্যাখ্যায় সায়ণাচার্য্য বলিয়াছেন,—"অথানিষ্টপরিহারার্থত্বেন জপ্যা মন্ত্রা উচ্যন্তে" অনিষ্টপরিহারের জন্য জপ্য মন্ত্র বলা হইতেছে। এই অনিষ্টপরিহারার্থ জপ্য মন্ত্রের মধ্যে প্রথম ঋক্ "জাতবেদসে" ইত্যাদি মন্ত্র এবং দ্বিতীয় ঋক্ "তামগ্নিবর্ণাং" ইত্যাদি [রাত্রিসূক্তোক্ত] ঋক্। এই ঋক্ মন্ত্র দুইটি ব্যাখ্যাসহ নিম্নে লিখিত হইতেছে।

"জাতবেদসে সুনবাম সোম-
মরাতীয়তো নিদহাতি বেদঃ।
স নঃ পর্ষদতি দুর্গাণি বিশ্বা
নাবেব সিন্ধুং দুরিতাত্যগ্নিঃ॥"

সায়ণভাষ্য। [মরীচিপুত্রঃ কশ্যপ ঋষিঃ ত্রিষ্টুপ্ছন্দঃ অগ্নির্দেবতা।] জাতবেদসে জাতানাং উৎপত্তিমতাং সর্ব্বেষাং বেদিত্রে, যদ্বা জাতৈঃ সর্ব্বৈঃ প্রাণিভিঃ জ্ঞায়মানায়, জাতধনায় জাতপ্রজ্ঞায় বা অগ্নয়ে লতারূপং সোমং সুনবাম অভিষুনুয়াম জাতবেদো গুণকমগ্নিং যষ্টুং সোমাভিষবং করবামেত্যর্থঃ। সঃ অগ্নিঃ অরাতীয়তঃ অরাতিং শত্রুমিব অস্মান্ আচরতঃ শত্রোঃ বেদঃ ধনং নি দহাতি নিতরাং দহতু ভস্মীকরোতু। অপিচ সঃ অগ্নিঃ নঃ অস্মান্ বিশ্বা বিশ্বানি সর্ব্বাণি দুর্গাণি দুর্গমনানি ভোক্তুম্ অশক্যানি দুঃখানি অতিপর্ষৎ অতিপারয়তু অতিক্রময্য দুঃখরহিতং সুখং প্রাপয়তু। তত্র দৃষ্টান্তঃ—নাবেব সিন্ধুং, যথা কশ্চিৎ কর্ণধারো গ্রাহাদিভিঃ দুষ্টসত্ত্বৈঃ আকুলিতাং নদীং নাবা তারয়তি, তদ্বৎ। তথা দুরিতা

ব্রহ্মাণ্ড পুরাণে—

বর্ণাশ্রমবিহীনানাং পাপিষ্ঠানাং নৃণামপি।
যক্ষপথ্যানমাত্রেণ দুষ্কৃতং সুকৃতায়তে॥"

দুরিতানি দুঃখহেতুভূতানি পাপানি অস্মান্ অগ্নিঃ অতি পারয়তু, দুঃখনিমিত্তাৎ পাপাৎ অপি অস্মান্ উদ্ধারয়তু ইত্যর্থঃ। [ঋগ্‌ভাষ্য ১।৯৯।১]

অনুবাদ। যিনি জাতবেদাঃ অর্থাৎ উৎপত্তিশীল সমস্ত পদার্থকেই জানেন সেই অগ্নিকে আমরা সোমলতার দ্বারা অভিষব করিতেছি, অর্থাৎ সোমলতা আহুতি প্রদান করিয়া তাহার রস তাঁহাকে পান করাইতেছি। সেই অগ্নি আমাদের শত্রুর ধন ভস্মীভূত করুন, আমাদিগকে দুর্গম দুঃখ হইতে উত্তরণ করিয়া সুখ প্রদান করুন, এবং দুঃখের কারণ পাপ হইতে আমাদিগকে উদ্ধার করুন।

তামগ্নিবর্ণাং তপসা জ্বলন্তীং
বৈরোচনীং কর্ম্মফলেষু জুষ্টাম্।
দুর্গাং দেবীং শরণমহং প্রপদ্যে
সুতরসি তরসে নমঃ॥

সায়ণভাষ্য। যেয়ং নবদুর্গাকল্পাদিষু মন্ত্রশাস্ত্রেষু প্রসিদ্ধা তাং দুর্গাং দেবীম্ অহং শরণং প্রপদ্যে। কীদৃশীম্—অগ্নিসমানবর্ণাম্, তপসা স্বকীয়েন সন্তাপেন জ্বলন্তীম্ অশত্রুদহন দহন্তীম্, বিশেষেণ রোচতে স্বয়মেব প্রকাশতে ইতি বিরোচনঃ পরমাত্মা তেন দৃষ্টবান্ বৈরোচনীং, কর্ম্মফলেষু স্বর্গ-পশু-পুত্রাদিষু নিমিত্তভূতেষু জুষ্টাম্ উপাসকৈঃ সেবিতাম্। হে সুতরসি, সুষ্ঠু সংসারতরণে হেতো, দেবি, তরসে তারয়িত্র্যৈ তুভ্যং নমোঽস্তু। [তৈত্তিরীয়ভাষ্য]।

অনুবাদ। যিনি অগ্নিবর্ণা অর্থাৎ যাহার দেহের বর্ণ অগ্নির মত, যিনি স্বকীয় তাপের দ্বারা আমাদের শত্রুদিগকে দগ্ধ করেন, যিনি বৈরোচনী অর্থাৎ পরমাত্ম কর্তৃক পরিদৃষ্টা, উপাসকগণ কর্ম্মের ফলস্বরূপ স্বর্গ, পশু, পুত্র প্রভৃতি প্রাপ্তির জন্য যাহার সেবা করেন, সেই [মন্ত্রশাস্ত্রে অর্থাৎ তন্ত্রশাস্ত্রে নবদুর্গাকল্পাদিতে প্রসিদ্ধা] দুর্গাদেবীর আশ্রয় গ্রহণ করিতেছি। হে সুতরসি, দেবি, তুমি সংসার তারণ কর্ত্রী, তোমাকে নমস্কার।

এই শ্রুতিতে স্পষ্টভাবেই দুর্গার উল্লেখ আছে। ভাষ্যকার সায়ণাচার্য্যও এই শ্রুতিতে উক্ত দুর্গাই তন্ত্রশাস্ত্রে প্রসিদ্ধ দুর্গা বলিয়া উল্লেখ করিয়া গিয়াছেন।

এই শ্রুতিটি আথর্ব্বণীয়ে দুর্গোপনিষদে এবং দেবীভাগবতের অন্তর্গত দেবীগীতায় [দেবীভাগবত ৭।৩১।৪৫] দেখিতে পাওয়া যায়। দুর্গোপনিষদে

দুর্গাকে কালরাত্রি বলা হইয়াছে। দুর্গা কালরাত্রিস্বরূপা বলিয়াই ঋগ্বেদে রাত্রিসূক্তের দ্বারা দুর্গার স্তব করা হইয়াছে। দেবীভাগবতের টীকাকার নীলকণ্ঠ এই ঋক্ মন্ত্রটির অন্যরূপ ব্যাখ্যা করিয়াছেন। তাহা এই—

"তামগ্নিবর্ণামিতি। অয়মপি ঋঙ্ মন্ত্রঃ। অগ্নিসমানারুণবর্ণাম্। তপসা জ্ঞানেন জ্বলন্তীং দীপ্যমানাং সর্ব্বজ্ঞামিত্যর্থঃ। তথাচ শ্রুতিঃ—"তপসা চীয়তে ব্রহ্ম" ইতি মুণ্ডকে। বৈরোচনীং বিশেষেণ দীপ্তাম্। কর্ম্মফলেষু নিমিত্তেষু ব্রাহ্মণাদিভিৰ্জুষ্টাং সেবিতাম্। দুর্গাম্ অষ্টাঙ্গযোগাত্মকদুঃখরূপায়াসেন প্রাপ্যাম্। জ্ঞানেন সুতরসি তরণ যোগ্যে সংসারে তরসে তরণায় তস্যৈ দুর্গায়ৈ নমোঽস্ত্বিত্যর্থঃ। তস্যৈ ইতি শেষঃ। যদ্বা অগ্নিশব্দেন অগ্নিবীজং রেফো গৃহ্যতে; স রবর্ণো যস্যা মন্ত্রে অস্তি তাম্। তপঃশব্দো মায়াবাচকস্তেন তুরীয়স্বর ঈকারো গৃহ্যতে, তেন জ্বলন্তীং তদ্‌যুক্তামিত্যর্থঃ। বিরোচনঃ সূর্য্যস্তেন তদ্‌বীজং হকারো গৃহ্যতে। সূর্য্যস্য বিম্বাত্মকপরমেশ্বরত্বেন বিন্দোশ্চ হকারাত্মত্বেন প্রপঞ্চসারে তৃতীয়চতুর্থপটলয়োরুক্তত্বাৎ। তেন হকারযুক্তা মিত্যর্থঃ। তথাচ মায়াবীজ-রূপিণীং দুর্গাং শরণমহমিত্যাদি পূর্ব্বেণ সমানার্থত্বম্।"

ইহার পরে "নারায়ণোপনিষত্ত্বাচ্চেত্তু" এই কথা বলিয়া সায়ণভাষ্য উদ্ধৃত করতঃ "ইত্যুক্তং মাধবাচার্য্যৈঃ" ইহা বলিয়াছেন *।

"জাতবেদসে" ইত্যাদি ঋক্ মন্ত্রটির দেবতা অগ্নি, অর্থ আলোচনায়ও দেখা যায়, ইহা অগ্নিরই প্রার্থনামন্ত্র। তাহা হইলে ইহা দুর্গার ঋক্ মন্ত্র কিরূপে হয়? এই সন্দেহ উপস্থিত হয়। বেদতত্ত্বাভিজ্ঞ ক্রিয়াকাণ্ডতত্ত্বজ্ঞ মন্ত্রশাস্ত্রপারদর্শী সদ্‌গুরুর উপদেশ ভিন্ন এই সন্দেহের সম্যক্ নিরাকরণ হইবার উপায় নাই। †

শক্তি ও শক্তিমান্ অভিন্ন, শক্তিমানের কোন ক্রিয়া নাই, শক্তিই সমস্ত ক্রিয়া সম্পাদন করেন, ইহাই শাক্ত সিদ্ধান্ত। শক্তিমান্ অগ্নির কোন ক্রিয়া নাই, অগ্নিশক্তিই ক্রিয়ার সম্পাদিকা। অগ্নিশক্তি স্বাহা দুর্গারই বিভূতিমূর্ত্তি। ইহা চণ্ডীর—

* তৈত্তিরীয় আরণ্যকের যে অংশে এই মন্ত্রটি আছে তাহার নাম নারায়ণোপনিষৎ।

† বহুকাল হইতেই এইরূপ সদ্‌গুরু দুর্লভ হইয়াছে। এইজন্য বহু মন্ত্র বিকৃতি প্রাপ্ত হইয়াছে।

"ত্বং স্বাহা ত্বং স্বধা ত্বং হি বষট্কার স্বরাত্মিকা।"

এই দুর্গাস্তবে দেখিতে পাওয়া যায়। অগ্নি যে রুদ্রের বিভূতি ইহা ঋগ্বেদে যজুর্ব্বেদে ছান্দোগ্য প্রভৃতি উপনিষদে বহুস্থানে উক্ত হইয়াছে। তাহা হইলে এই মন্ত্রের জপে যে শত্রুভীতি ও পাপ নাশ হয়, তাহা অগ্নিশক্তি স্বাহারূপিণী দুর্গাই করিয়া থাকেন *। বস্তুতঃ বেদমন্ত্রের ব্যাখ্যা দ্বিবিধ, প্রকট ও অপ্রকট ; বেদের ভাষ্যকারগণ প্রকটব্যাখ্যা লিপিবদ্ধ করিয়া গিয়াছেন, অপ্রকট ব্যাখ্যা লিপিবদ্ধ হয় নাই, গুরুপরম্পরায় চলিয়া আসিতেছে ; এই কথা মহামতি ভাস্কররায় বলিয়া গিয়াছেন। তিনি তদনুসারে ঋগ্বেদীয় প্রসিদ্ধ কামস্তুতিমন্ত্র হইতে শ্রীবিদ্যার মন্ত্র এবং আরও অনেক শ্রুতিমন্ত্র হইতে তান্ত্রিক মন্ত্র উদ্ধার করিয়াছেন। শৈব নীলকণ্ঠও এতদনুসারেই "তামগ্নিবর্ণাং" ইত্যাদিশ্রুতির পূর্ব্বোক্তরূপ ব্যাখ্যা করিয়াছেন। "জাতবেদসে" এই ঋক্মন্ত্রেরও এইরূপ দুর্গা বিষয়ে ব্যাখ্যা আছে, তাহা আমরা জানিতে পারিতেছি না।

কেনোপনিষদের প্রসিদ্ধ গল্পে যে উমা হৈমবতীর উল্লেখ আছে, ইনিই দুর্গা।

"স তস্মিন্নেবাকাশে স্ত্রিয়মাজগাম বহুশোভমানা
মুমাং হৈমবতীং তাং হোবাচ কিমেতদ্যক্ষমিতি।"

[কেনোপনিষৎ ৩।১২]

ভগবান্ শঙ্করাচার্য্য ইহার ভাষ্যে বলিয়াছেন—"বিদ্যা উমারূপিণী প্রাদুরভূৎ স্ত্রীরূপা। * * * অথবা উমৈব হিমবতো দুহিতা হৈমবতী। নিত্যমেব সর্ব্বজ্ঞেন ঈশ্বরেণ সহ বর্ত্তত ইতি জ্ঞাতুং সমর্থেতি কৃত্বা তামুপাজগাম।" দীপিকায় শঙ্করানন্দ বলিয়াছেন—"স তাং স্ত্রিয়ং ব্রহ্মবিদ্যাং মূর্ত্তিমতীং দদর্শেতি শেষঃ। * * * অথবা উমা ভগবতঃ পিনাকপাণেঃ প্রাণপ্রিয়া। * * সাচ হিমবতো গিরিরাজস্য দুহিতা প্রসিদ্ধা তাম্।" কেনোপনিষদের এই গল্পটি দেবীভাগবতের

* অধ্যাপক শ্রীযুক্ত অমূল্যচরণ বিদ্যাভূষণ মহোদয় "যমুনা" নামক মাসিক পত্রিকার [১৩২০। কার্ত্তিক সংখ্যায়] "[illegible]দুর্গা" নামক প্রবন্ধে [illegible] ও দুর্গার একত্ব প্রতিপাদন করিতে [illegible] [illegible]।

১২শ স্কন্ধে ৮ম অধ্যায়ে বিবৃত হইয়াছে। তথায় হৈমবতী উমাকে শিবা * বলা হইয়াছে। কাত্যায়নীতন্ত্রে ৭৭ তম পটলেও কেনোপনিষদুক্ত হৈমবতী উমাকেই দুর্গা বলা হইয়াছে।

এই সকল প্রমাণে দেখা যাইতেছে—বেদের সংহিতা, আরণ্যক, উপনিষৎ, মহাভারত, মহাপুরাণ, উপপুরাণ, স্মৃতিসংহিতা, তন্ত্র প্রভৃতি সকল শাস্ত্রেই দুর্গার মহাত্ম্য উদ্ঘোষিত হইয়াছে। প্রাচীন ঋষি এবং আচার্য্যদিগের মনে দুর্গা অবৈদিক বা অনার্য্যসেবিত বলিয়া কোন সন্দেহ উপস্থিত হয় নাই। অলৌকিক বিষয়ে ইঁহাদের মত উপেক্ষা করিয়া আধুনিক স্বয়ংসিদ্ধ বেদজ্ঞদিগের মত গ্রহণ করা উচিত কিনা তাহা সুধীগণই বিবেচনা করিবেন।

পূজাপ্রণালী।

শরৎকালীন দুর্গাপূজা নিত্য, অর্থাৎ না করিলে প্রত্যবায় হয়, বিশেষ ফলশ্রুতি আছে বলিয়া ইহা কাম্যও বটে। বিশিষ্ট কামনা করিয়া পূজা করিলেও নিত্যপূজা পৃথক্ করিতে হইবে না, কাম্যপূজার দ্বারাই তাহা সিদ্ধ হইবে। এই পূজা নিত্য বলিয়া প্রত্যেককেই করিতে হইবে। যাঁহার যেরূপ সামর্থ্য তিনি সেই ভাবে পূজা করিবেন। মূর্ত্তি গড়িয়া পূজা করিতে অসমর্থ হইলে ঘটে অথবা জলে কিংবা শালগ্রাম বা বাণলিঙ্গে পূজা করিতে পারেন। অন্তকল্পে অসমর্থ হইলে কেবল মহাষ্টমী অথবা কেবল মহানবমীতে পূজা করিতে পারেন। ষোড়শোপচারে অসমর্থ হইলে দশোপচারে অথবা পঞ্চোপচারে অথবা কেবল গন্ধপুষ্পের দ্বারা পূজা করিলেও নিত্যপূজা সিদ্ধ হইবে। কারাগারে বদ্ধ অথবা অন্য কারণে গন্ধ-পুষ্পের এবং জলেরও অভাব হইলে মনে মনে পূজা করিলেও নিত্যপূজা সিদ্ধ হইবে। তবে সম্ভব থাকিতে ন্যূনকল্পে পূজা করা কর্ত্তব্য নহে।

শরৎকালীন দুর্গাপূজা মহাপূজা ; এই জন্য সঙ্কল্পবাক্যে "মহাপূজা" পদের উল্লেখ করিতে হয়। যে পূজায় মহাস্নান, পূজা, হোম ও বলিদান এই চারিটি

* "উমাভিধানাং পুরতো দেবীং হৈমবতীং শিবাম্।
নির্ব্যাজকরুণামূর্ত্তিং সর্ব্বকারণকারণাম্।
দদর্শ বাসবস্তত্র প্রেমগদ্গদিতস্বরঃ।"

[দেবীভাগবত ১২।৮।৫৮]

কর্ম আছে, তাহার নাম মহাপূজা। এই চারিটি কর্ম্মের মধ্যে যে কোন এক কর্ম্মের হানি হইলেই মহাপূজা সিদ্ধ হইবে না। শাস্ত্রবিধানে দুর্গোৎসবে মহাপূজাই করিতে হয়, এবং "শ্রীদুর্গামহাপূজামহঙ্করিষ্যে" এইরূপ সঙ্কল্প করিয়া উক্ত চারিটি কর্ম না করিলে সঙ্কল্পভঙ্গজন্য পাপ হইবে। পশুবলির পরিবর্তে পিষ্টকাদির দ্বারা পশুর প্রতিকৃতি, কুষ্মাণ্ড অথবা ইক্ষুদণ্ড ইহাদিগের অন্যতম বলি দিলেও মহাপূজা সিদ্ধ হইবে, কিন্তু নৈবেদ্যাদি বলির দ্বারা মহাপূজা সিদ্ধ হইবে না। এই বিষয়ে রঘুনন্দন তিথিতত্ত্বে দুর্গোৎসবপ্রকরণে বলিয়াছেন—

"শারদীয়া মহাপূজা চতুঃকর্ম্মময়ী শুভা।
তাং তিথিত্রয়মাসাদ্য কুর্য্যাদ্ভক্ত্যা বিধানতঃ॥"

ইতি লিঙ্গপুরাণীয়ে "চতুঃকর্ম্মময়ী" ইত্যনেন চতুর্ব্বয়বত্বেনাভিধানাৎ স্নপন-পূজন-বলিদান-হোমরূপা।" দুর্গাপূজাতত্ত্বে [৩৬ পৃঃ] উদ্ধৃত কালিকাপুরাণের

"মনোহরৈশ্চ বলিভিরুপহারৈঃ পৃথগ্বিধৈঃ।"

এই বচনে উপহার ও বলির পৃথক্ উল্লেখ আছে বলিয়া, এই স্থলে বলি শব্দে পশুবলি বুঝিতে হইবে। বলিশব্দের অর্থ উপহার নহে, এই কথা রঘুনন্দনই বলিয়াছেন।*

শারদীয়া দুর্গাপূজা সাত্ত্বিকভাবে করিবার ব্যবস্থাও আছে, তাহাতে পশুবলি নিষিদ্ধ†। প্রবৃত্তিমার্গীদের সাত্ত্বিক পূজায় অধিকার নাই, নিবৃত্তিমার্গীদেরই অধিকার। ইন্দ্রিয়ভোগ্যবিষয় হইতে ইন্দ্রিয়সমূহকে যাঁহারা নিবৃত্ত করিয়াছেন অথবা নিবৃত্ত করিতে চেষ্টা করিতেছেন তাঁহারাই নিবৃত্তিমার্গী। মনে শত শত ভোগবাসনা কিলবিল করে, মাংসদর্শনে জিহ্বায় লালাস্রাব হয়, অথচ শক্তিপূজায় সাত্ত্বিকপূজার দাবী করা হয়; ইহা কপটাচার, দেবতার নিকট কপটাচার সর্ব্বথা পরিহার্য্য। এই জন্যই দেবীভাগবতে উক্ত হইয়াছে—

"মাংসাশনং যে কুর্ব্বন্তি তৈঃ কার্য্যং পশুহিংসনম্।
মহিষাজবরাহাণাং বলিদানং বিশিষ্যতে॥

---

* দুর্গাপূজাতত্ত্ব ৭৫ পৃঃ ১৯ পং দ্রষ্টব্য।

† দুর্গাপূজাতত্ত্ব ৩০ পৃঃ দ্রষ্টব্য।

দেব্যগ্রে নিহতা যান্তি পশবঃ স্বর্গমব্যয়ম্।
ন হিংসা পশুজা তত্র নিঘ্নতাং তৎকৃতেঽনঘ॥"

[৩।২৬।৩২, ৩৩]

ইহার তাৎপর্য্য এই—যাহারা মাংস ভক্ষণ করে, তাহারা দেবীর পূজায় পশু বলি দিবে। দেবীর পূজায় নিহত পশু অক্ষয় স্বর্গলাভ করে, অতএব তাহাতে পশুহিংসাজন্য পাপ হয় না। ইহার টীকায় শৈব নীলকণ্ঠ বলিয়াছেন—"নন্বু দেব্যতিরিক্তদেবতাসু শাস্ত্রে বলিদানমনুক্তং। দেব্যুপাসনায়ামেব কিমিতি বলিদানং শাস্ত্রেষুক্তমিতি চেদত্র সমাহিতং দুর্গাপ্রদীপে যামলে—

"ব্রহ্মবিদ্যা জীবদশানিহন্ত্রীতি শ্রুতৌ শ্রুতম্।
তৎ তস্মাৎ কারণাদ্ দেব্যা বলিদানং প্রিয়ং মতম্॥"

ইতি। যতঃ কারণাদ্ দেবী ব্রহ্মবিদ্যাধিষ্ঠাত্রী ভবতি, ব্রহ্মবিদ্যায়াশ্চ স্বভাবো জীবদশা নাশয়িতব্যেতি তস্মাদ্ দেব্যা প্রিয়ো বলির্ভবতীতি তদর্থঃ॥" ইহার তাৎপর্য্য এই—দেবী ভিন্ন দেবতার পূজায় পশুবলি শাস্ত্রে বিহিত হয় নাই, কেবল দেবীর পূজায় পশুবলি বিহিত হইল কেন? দুর্গাপ্রদীপধৃত যামলবচনে এই প্রশ্নের সমাধান করা হইয়াছে। তাহা এই—দেবী ব্রহ্মবিদ্যার অধিষ্ঠাত্রী, জীবদশা নাশ করাই ব্রহ্মবিদ্যার স্বভাব, এইজন্য পশুবলি দেবীর প্রিয়। অর্থাৎ বলিদানে নিহত পশুকে দেবী মুক্তি প্রদান করেন, তাহাকে আর পশুজন্ম গ্রহণ করিতে হয় না। মানুষের নিজের সাধনার দ্বারা মুক্তিলাভ করিবার অধিকার আছে, পশুর তাহা নাই, সাধক দেবীর পূজায় পশুকে বলি দিলে দেবী তাহাকে মুক্তি দিতে পারেন, এইজন্য পশুবলি দেবীর প্রিয়। আপাতদৃষ্টিতে বলিদানে পশুর দেহের প্রতি অত্যাচার বলিয়া মনে হইলেও প্রকৃতপক্ষে তাহার আত্মার উপকারই করা হয়। এইজন্যই দেবীভাগবতে "ন হিংসা পশুজা তত্র" এবং দুর্গাপূজাতত্ত্বধৃত [৩৩ পৃঃ] কালিকাপুরাণোক্ত মন্ত্রে "তস্মাদ্ যজ্ঞে বধোঽবধঃ" অর্থাৎ যজ্ঞে পশুহিংসা হিংসা নহে, এই কথা বলা হইয়াছে। যাঁহারা বলিদানে পশুর মুক্তিতে অবিশ্বাসী তাঁহারাই পশুবলির বিরোধী, ইহার কারণ দেহাত্মবাদিতা। শাস্ত্রবিশ্বাসী পশুবলির বিরোধী হইতে পারেন না।

পশুবলির বিরোধিগণ আর একটি প্রশ্ন করেন—পূজায় বলিদান করিলে যদি মুক্তিলাভই হয়, তবে পিতা মাতা অথবা প্রিয় পুত্রকে বলি দেওয়া হয় না কেন ? এই প্রশ্নে যুক্তিমত্তার পরিচয় পাওয়া যায় না। যেদিন মমতার বন্ধন ছিন্ন হইবে, পিতা, মাতা, পুত্র ও পশুতে সমতা-বুদ্ধি আসিবে, সেই দিন আর পশুবলির প্রয়োজন হইবে না, বাহ্য পূজারও প্রয়োজন হইবে না। সংসারীর পক্ষে তাহা অসম্ভব।

কাশীধামে অবস্থানকালীন প্রগাঢ়শাস্ত্রবিশ্বাসী স্মার্ত্তপ্রবর স্বর্গীয় গুরুচরণ বিদ্যাভূষণ মহাশয়কে আমি একদিন পশুবলি বিষয়ে প্রশ্ন করিয়াছিলাম, তাহাতে তিনি উত্তর করিয়াছিলেন—"অবৈধহিংসা সর্ব্বথা পরিহার্য্য, দয়া প্রকাশ করিয়া বৈধহিংসা পরিত্যাগ করা মানসিক দুর্ব্বলতার লক্ষণ।" স্মার্ত্ত রঘুনন্দনও তিথি-তত্ত্বের দুর্গোৎসব প্রকরণে বৈধহিংসাবিচারে বৈধহিংসায় পাপ হয় না, ইহা প্রতিপাদন করিয়াছেন।

শাস্ত্রই সত্ত্বগুণপ্রধান সাধকের পক্ষে বৈধহিংসারও নিষেধ করিয়াছেন। যিনি অন্ততঃ মাংসভক্ষণের লোভও পরিত্যাগ করিতে পারিয়াছেন তিনিও পূজায় পশুবলি না দিতে পারেন; কিন্তু কিন্তু যিনি মাংসের লোভ পরিত্যাগ করিতে পারেন নাই, তাহার পক্ষে পশুবলি দেওয়া অবশ্যই কর্ত্তব্য, যেহেতু "যদন্নঃ পুরুষো রাজন্ তদন্না তস্য দেবতা"।*

শারদীয়া পূজার সাতটি কল্প। (১) নবম্যাদিকল্প, (২) প্রতিপদাদিকল্প, (৩) ষষ্ঠ্যাদিকল্প, (৪) সপ্তম্যাদিকল্প, (৫) মহাষ্টম্যাদিকল্প, (৬) মহাষ্টমীকল্প, (৭) মহানবমীকল্প। ইহার মধ্যে নবম্যাদিকল্পই প্রশস্ততম। এই সাতটি কল্পের মধ্যে শক্তি অনুসারে যে কোন একটি কল্প অবলম্বন করিয়া পূজা করা যাইতে পারে। পুরুষানুক্রমে যাহার যে কল্প প্রচলিত আছে তাহার পক্ষে সেই কল্প অবলম্বন করিয়া পূজা করাই উচিত। নূতন পূজা করিতে হইলে শক্তি অনুসারে কল্প অবলম্বন করাই বিধেয়।

(১) নবম্যাদিকল্প—ভাদ্রমাসের কৃষ্ণপক্ষীয় নবমীর নাম বোধনবমী বা বোধন-নবমী। এই দিনে দেবীর বোধন করিতে হয় বলিয়া ইহার নাম বোধনবমী। নবম্যাদি কল্পে নবমীতে পূর্ব্বাহ্নে† বোধন করিয়া মহানবমী পর্য্যন্ত পূজা করিতে

* পশুবলিবিষয়ে বহু বক্তব্য আছে, গ্রন্থ বাহুল্য ভয়ে এখানে অতি সংক্ষেপে বলা হইল।
† দিবমানকে তিন ভাগ করিলে প্রথম ভাগের নাম পূর্ব্বাহ্ণ।

হয়। বোধনের পূর্ব্বে কল্পারম্ভের সঙ্কল্প করিতে হয়। ইহাতে কৃষ্ণাদি চান্দ্রমাস বিবেচনা করিতে হয় বলিয়া সঙ্কল্পে আশ্বিনমাস উল্লেখ করিতে হয়।

(২) প্রতিপদাদিকল্প—প্রতিপদাদিকল্পে আশ্বিনের শুক্ল প্রতিপদে পূর্ব্বাহ্নে কল্পারম্ভের সঙ্কল্প করিয়া মহানবমী পর্য্যন্ত পূজা করিতে হয়। ষষ্ঠীতে সায়ংকালে বোধন। প্রতিপদের পূজায় গন্ধদ্রব্য, গন্ধতৈল, আমলকী, কঙ্কতিকা (চিরুণী) প্রভৃতি কেশসংস্কারদ্রব্য দেবীকে প্রদান করিতে হইবে। এইরূপ দ্বিতীয়ার পূজায় পট্টডোর (চুল বাঁধিবার রেশমী ফিতা); তৃতীয়ার পূজায় পাদরঞ্জনের জন্য আলতা, কপালে ধারণের জন্য সিন্দূর, এবং মুখবিলোকনের জন্য দর্পণ (আয়না); চতুর্থীর পূজায় মধুপর্ক, তিলক দ্রব্য (সোনারূপা প্রভৃতির টিপ্), নেত্রে পরিবার জন্য কজ্জল; পঞ্চমীর পূজায় চন্দন, অগুরু, কস্তূরী, কুঙ্কুম প্রভৃতি অঙ্গরাগ-দ্রব্য এবং যথাশক্তি অলঙ্কার প্রদান করিতে হইবে।

ষষ্ঠ্যাদি কল্প। ষষ্ঠীদিন পূর্ব্বাহ্নে কল্পারম্ভের সঙ্কল্প ও সায়ং সন্ধ্যাকালে বোধন করিতে হইবে। পূর্ব্বাহ্নে ষষ্ঠীলাভ না হইলে সন্ধ্যাকালেই পূর্ব্বে কল্পারম্ভের সঙ্কল্প করিয়া পরে বোধন করিতে হইবে। সপ্তমীপূজার পূর্ব্বদিন সন্ধ্যাকালে আমন্ত্রণ ও অধিবাস করিতে হইবে।

নবম্যাদিকল্প, প্রতিপদাদিকল্প, ষষ্ঠ্যাদিকল্প, এই তিন কল্পেই ষষ্ঠী পর্য্যন্ত ঘটে এবং সপ্তমী হইতে দশমী পর্য্যন্ত মৃন্ময়ী মূর্ত্তিতে পূজা করিতে হয়। সপ্তমী দিন পূর্ব্বাহ্নে পত্রিকাপ্রবেশ। সর্ব্বত্রই পূর্ব্বাহ্ণশব্দে ত্রিধাবিভক্ত দিনের প্রথমভাগ বুঝিতে হইবে।

সপ্তম্যাদিকল্প। পূর্ব্বাহ্নে কল্পারম্ভের সঙ্কল্প করিয়া বিল্বশাখাছেদন, নবপত্রিকা-স্থাপন, মৃন্ময়ী মূর্ত্তি স্থাপন, দেবীর পূজা ও নবপত্রিকাপূজা করিতে হইবে। রঘুনন্দনের মতে সপ্তমীতে মহাস্নান ও হোম করিতে হয় না। বলিদানেরও অত্যাবশ্যকতা নাই। রঘুনন্দন নবপত্রিকার মহাস্নানের উল্লেখ করেন নাই। বর্ত্তমান সময় নবপত্রিকার দ্বারা কলা বৌ সাজাইয়া পূজা করা হয়। রঘুনন্দন নবপত্রিকা পীঠে স্থাপন করিয়া পূজা করার কথা বলিয়াছেন।

অষ্টম্যাদিকল্পে মহাষ্টমী ও মহানবমীতে পূজা এবং দশমীতে বিসর্জন করিতে হয়। অষ্টমীকল্পে কেবল অষ্টমীতেই পূজা এবং সেইদিনেই বিসর্জন। নবমী

কল্পেও কেবল নবমীতেই পূজা এবং বিসর্জন। অষ্টম্যাদি, কেবল অষ্টমী ও কেবল নবমী এই তিন কল্পে ঘট স্থাপন করিয়া পূজা করা হয়।

মহাষ্টমী ও মহানবমী দিনে মহাস্নান করিতে হয়। রঘুনন্দনের মতে ষোড়শোপচারের অন্তর্গত স্নানীয় উপচার দান সময়ে অন্যূন ৩৬০ তোলা জল স্নানীয়রূপে কল্পনা করিয়া দুর্গাগায়ত্রীমন্ত্রে নিবেদন করাই মহাপূজার অঙ্গ মহাস্নান। অন্য বিশিষ্ট দ্রব্যের দ্বারা স্নান কাম্য, তাহা মহাপূজার অঙ্গ নহে। এই উভয় দিনেই বলিদান কর্ত্তব্য। হোম সমর্থপক্ষে মহাষ্টমী ও মহানবমী এই দুইতিথিতে, অসমর্থপক্ষে কেবল মহাষ্টমী অথবা কেবল মহানবমীতে কর্ত্তব্য। নবমীতে পূজান্তে দক্ষিণা, দশমীতে বিসর্জ্জন।

অষ্টমী ও নবমীর সন্ধিতে সন্ধিপূজা এবং অষ্টমীর মধ্য রাত্রিতে অর্দ্ধরাত্র পূজা বিহিত আছে। এই উভয় পূজাই কাম্য; না করিলে দোষ নাই, করিলে ফল আছে। মহাষ্টমীতে উপবাস বিহিত আছে, তাহাও কাম্য এবং পুত্রবান্ গৃহীর পক্ষে নিষিদ্ধ।

মৃন্ময়ীমূর্ত্তি, ধাতুময়ীমূর্ত্তি, পাষাণমূর্ত্তি, প্রতিষ্ঠিত দুর্গামূর্ত্তি, ঘট, জল, অস্ত্র এই সকল আধারে দুর্গাপূজা হইতে পারে। তন্মধ্যে মৃন্ময়ীমূর্ত্তি বিশেষ প্রশস্ত। এই অন্য যাঁহাদের বাড়ীতে ধাতুময়ী দুর্গামূর্ত্তি প্রতিষ্ঠিত আছেন, তাঁহারা প্রতিষ্ঠিত মূর্ত্তিতে পূজা দিয়া বিশেষ ফল কামনায় মৃন্ময়ীমূর্ত্তিতেও পৃথক্ পূজা দিয়া থাকেন। মৃন্ময়ীমূর্ত্তির অভাবে ঘটে জলে অথবা শালগ্রামশিলায় কিংবা বাণলিঙ্গে দুর্গার পূজা হইতে পারে; এইরূপ ব্যবহারও আছে।

দুর্গার মূর্ত্তি ধ্যানের অনুরূপ করিতে হয়। অনেক স্থলে নিজের ইচ্ছামত মূর্ত্তি প্রস্তুত করিতে দেখা যায়, তাহা কর্ত্তব্য নহে। ধ্যান মন্ত্রের অর্থ এই—

দেবীর মস্তকে জটা, কপালে অর্দ্ধচন্দ্র, তিনটি অতি সুন্দর চক্ষুঃ, মুখখানি পূর্ণচন্দ্রের মত আহ্লাদজনক, শরীরের বর্ণ শণ পুষ্পের ন্যায় গৌর, দাঁড়াইবার ভঙ্গী অতি মনোহর, নবযৌবনে দেহকান্তি প্রস্ফুটিত, শরীরে নানাবিধ অলঙ্কার, সুচারু দন্তপংক্তি, পয়োধরযুগল উন্নত ও স্থূল, তিনি ত্রিভঙ্গিতে অবস্থান করিয়া মহিষাসুরকে মর্দ্দন করিতেছেন, তাঁহার দশ হস্ত, ডানদিকের ঊর্দ্ধহস্তে ত্রিশূল, তদধোহস্তে খড়্গ, তদধোহস্তে চক্র, তদধোহস্তে তীক্ষ্ণবাণ, তদধোহস্তে শক্তি, বামদিকের অধোহস্তে খেটক (চর্ম্ম বা ঢাল), তদূর্দ্ধহস্তে আযুক্ত ধনুঃ, তদূর্দ্ধহস্তে নাগপাশ,

তদূর্দ্ধহস্তে অঙ্কুশ, সর্ব্বোর্দ্ধহস্তে ঘণ্টা অথবা পরশু। তাঁহার পাদমূলে ছিন্নমস্তক মহিষ, এই মহিষের ছিন্ন স্কন্ধ হইতে কটিদেশ পর্য্যন্ত উত্থিত মহিষাসুর, অসুরের হস্তে খড়্গ, হৃদয় দেবীর হস্তস্থিত ত্রিশূলের দ্বারা বিদ্ধ এবং তাহা হইতে অন্ত্র বহির্গত হইয়াছে, রক্তের দ্বারা সর্ব্বাঙ্গ রক্তীকৃত, চক্ষুর্দ্বয় রক্তবর্ণ ও বিস্ফারিত, দেবীহস্তস্থিত নাগপাশের দ্বারা কটিদেশ বেষ্টিত, মুখ ভ্রুকুটীর দ্বারা ভীষণ, দেবী পাশযুক্ত বামহস্তের দ্বারা তাহার চুলের মুঠি ধরিয়া রাখিয়াছেন, অসুর রুধির বমন করিতেছে। দেবীর পাদতলে সিংহও অবস্থিত। দেবীর দক্ষিণ পাদ সোজা ভাবে সিংহপৃষ্ঠে অবস্থিত, সিংহ অপেক্ষা কিঞ্চিৎ উচ্চস্থানে মহিষের উপরে বামপাদের অঙ্গুষ্ঠমাত্র অবস্থিত। চতুর্দ্দিকে দেবগণ দেবীর স্তব করিতেছেন।

দুর্গার এই ধ্যান মৎস্যপুরাণ ২৬০ তম অধ্যায়ে, কালিকাপুরাণ ৫৯ তম অধ্যায়ে এবং কালীবিলাসতন্ত্র ২১শ পটলে দেখিতে পাওয়া যায়। পুস্তকত্রয়ে পাঠভেদ আছে। পাঠভেদ থাকিলেও রূপবর্ণনায় সাম্য আছে। *

প্রচলিত পদ্ধতিগুলির মধ্যে কোন পদ্ধতিতেই গণেশ কার্ত্তিক প্রভৃতি দেবতার ধ্যান মন্ত্র দেখিতে পাওয়া যায় না, রঘুনন্দনও তাহা বলেন নাই। কালীবিলাসতন্ত্রোক্ত ধ্যানমন্ত্র নিম্নে লিখিত হইতেছে।

দুর্গার দক্ষিণে অবস্থিত † গণেশের ধ্যান—

"ততো লম্বোদরং স্থূলং গজবক্ত্রং সুলোচনম্।
সর্ব্বদেবময়ং দেবং পার্ব্বতীনন্দনং ভজে॥" [১৯।৬]

বামে অবস্থিত কার্ত্তিকেয়ের ধ্যান—

"সুতপ্তকনকপ্রখ্যং খড়্গ-পট্টিশধরং পরম্।
সোষ্ণীশমস্তকং দেবং ময়ূরবরবাহনম্॥
ব্রহ্মাণ্ডাভ্যন্তরে বীরং বিষ্ণু-ব্রহ্ম-শিবাত্মকম্।" [১৮।৭]

---

* প্রচলিত মৎস্যপুরাণে দুর্গোৎসবপ্রকরণ নাই। দেবীমূর্ত্তি প্রতিষ্ঠাপ্রকরণে ২৬০ তম অধ্যায়ে বহু দেবতার রূপবর্ণনা উক্ত হইয়াছে। সেই প্রসঙ্গে "কাত্যায়ন্যাঃ প্রবক্ষ্যামি রূপং দশভুজং তথা" এই উক্তির পরে দুর্গার ধ্যান বলা হইয়াছে। উক্ত তিন গ্রন্থেই কাত্যায়ন মুনির আশ্রমে আবির্ভূতা কাত্যায়নী দুর্গার ধ্যানই বলা হইয়াছে।

† "বামে চ কার্ত্তিকো দেবো হক্ষে গণপতিস্তথা।" [কালীবিলাস ১৯.৩]

দক্ষিণে অবস্থিত লক্ষ্মীর ধ্যান—

"যা বিদ্যা প্রকৃতিলক্ষ্মীর্দুর্গায়া দক্ষিণে স্থিতা ॥
তাং তপ্তকাঞ্চনাভাসাং দ্বিভুজাং লোললোচনাম্ ।
কটাক্ষবিশিখোদ্দীপ্তামঞ্জনাঙ্কিতলোচনাম্ ॥
শুক্লাম্বরপরীধানাং সিন্দূরতিলকোজ্জ্বলাম্ ।
শুক্লপদ্মাসনগতাং ধ্যায়েন্নারায়ণপ্রিয়াম্ ।" [২০।১-৩]

বামে অবস্থিত সরস্বতীর ধ্যান—

"শঙ্খেন্দু কুন্দসঙ্কাশাং দ্বিভুজাম্বুজদলেক্ষণাম্ ।
কটাক্ষবিশিখোদ্দীপ্তামঞ্জনাঙ্কিতলোচনাম্ ।
সিন্দূরতিলকোদ্দীপ্তাং দিব্যাম্বরপরিচ্ছদাম্ ।
দিব্যাভরণশোভাঢ্যাং বাগ্‌রূপাঞ্চ সরস্বতীম্ ॥" [২০।৭,৮]

বামে অবস্থিত * জয়ার ধ্যান—

"তপ্তকাঞ্চনসঙ্কাশাং দ্বিভুজাং লোললোচনাম্ ।
কটাক্ষবিশিখোপেতাং দিব্যাম্বরপরিচ্ছদাম্ ॥
দিব্যাভরণসংযুক্তাং ধ্যায়েৎ তাং সিদ্ধিদায়িনীম্ ।" [১৮।১২]

দক্ষিণে অবস্থিত বিজয়ার ধ্যান—

"দলিতাঞ্জনসঙ্কাশাং দ্বিভুজাং খঞ্জনেক্ষণাম্ ।
কটাক্ষবিশিখোদ্দীপ্তামঞ্জনাঙ্কিতলোচনাম্ ॥
দিব্যাম্বরপরীধানাং গানযন্ত্রবিভূষণাম্ ।
ধ্যায়েৎ তাং বিজয়াং নিত্যাং সর্ব্বসিদ্ধি-প্রদায়িনীম্ ॥"
[১৮।১১,১৬]

কার্ত্তিকের বাহন ময়ূরের ধ্যান—

